কামিনী নাটক।

শ্রীক্ষেত্রমোহন ঘটক কর্ত্তৃক

প্রণীত ও প্রকাশিত।

কলিকাতা।

শ্রীযুত ঈশ্বরচন্দ্র বসু কোং বহুবাজারস্থ ১৭২ সংখ্যক ভবনে

ষ্টান্‌হোপ যন্ত্রে মুদ্রিত।

সন ১২৭৫ সাল।

কামিনী।

হায় এ ভারতভূমে ভীম হুতাশন
আসি কোথা হতে, জ্বালায় সোণার রাজ্য
পশি এ অসুর ছদ্মবেশধারী মদ্য
রূপে, (দহে স্বর্ণলঙ্কা অঞ্জনাতনয
যথা) কে আর বারিবে লযে বারি-কুম্ভ
কবে বাঁধিয়া কঙ্কাল হেন সাধ্য কার ?
নাশিয়া পুরুষ কুলে তুষ্টি লভ মনে
হে বীরকেশরী ! আর চাহিওনা কোপ-
দৃষ্টে অন্তঃপুর পানে, অবলা সরলা
তথা সাগরিকা সমা সুদৃঢ় নিগড়ে
বাঁধা আছে কুলনারী কত শত। রাখ
এ মোর মিনতি হে মদ।

নাট্যোল্লিখিত ব্যক্তিগণ।

গোপালচন্দ্র রায	পোষ্ট মাষ্টার
কৃষ্ণমোহন মিত্র	ক্লার্ক
প্রকাশচন্দ্র মুখোপাধ্যায়	সওদাগর
মিহির ঘোষাল	মুন্সেফ্
উদযচন্দ্র বন্দ্যোপাধ্যায	জমীদার
কেবলরাম মুখোপাধ্যায়	উদয়ের জামাতা
সারেং ওযালা	বাইজীর সম্প্রদা
তবলচী	বাইজীর সম্প্রদা
চমরু	প্রকাশের চাকর

স্ত্রীগণ।

মোক্ষদা	প্রকাশের স্ত্রী
সারদা	মিহিরের স্ত্রী
উম্নো	মোক্ষদার সহচরী
ঝুম্নো	মোক্ষদার সহচরী
কামিনী	উদয়ের কন্যা
গিন্নী	উদয়ের স্ত্রী
দাই	গিন্নীর দাসী
পেস্তীজান	বাইজী

কামিনী।

প্রথমাঙ্ক।

কাশিমাবাদ।—বাঙ্গালিটোলার রাস্তা।

(গোপাল একাকী দণ্ডায়মান।)

গো। (স্বগত) এই ফ্রেঞ্চ ওয়াইন্‌টা বাঙ্গালীদের ধনে প্রাণে নষ্ট করলে। এতে সুখের লেশ মাত্র নেই, তবু কেন যে খেয়ে মরে, বলতে পারি না। প্রথমে খাবার সময় এমনি গন্ধ যে মাতৃ দুগ্ধ বমন হয়, দ্বিতীয়ত খেয়ে হয় ত একটু ফুর্ত্তি হলো, না হয় গড়িয়ে গ্যালো, শেষে খোয়ারির এমনি কষ্ট যে, যেন জ্বরভাব হয়। তৃতীয়তঃ কিছু দিন খেলেই লীবার, যক্ষ্মা, প্রভৃতি নানান রোগে ধরবে, এই বিশ্বব্রহ্মাণ্ডটা পেটের ভিতর ভয়ের হবে, আর অমনি হয় না, লোকে মাতাল বলে, এতো জেনে শুনেও এ গুখুরি না করলেই নয়। এখন যে ব্যাটা মদ খেতে শিখিয়েছে তাকে গালি দিতে ইচ্ছে হয়। কাল রাত্রে খেয়েছি এখন পর্য্যন্ত শরীরটে শুদ্‌রে ওঠে নি। (উদ্‌গারে) এ হেউ—কৃষ্ণমোহন আস্‌চে না? কৃষ্ণমোহন ছোক্‌রাটী বড় সৎ, আজ বাড়ি থেকে এসেচে

ক

বুঝি। (প্রকাশে) কে ও? কৃষ্ণ বাবু নাকি ? আজ আসা হলো ?

(কৃষ্ণমোহন মিত্রের আগমন।)

কৃ। আজ্ঞা হাঁ, এই গাড়িতেই আসা হলো।

গো। এসো কোলাকুলি কবি, তোমাব সঙ্গে বিজয়াব আগা গোড়া সকলি বাকি আছে (আলিঙ্গন)। আব সাষ্টাঙ্গ প্রণিপাত কব্‌তে হবে না। বাবা' তোমাব অতি ভক্তি, লক্ষণ ভাল নয়, তুমি কি সর্ব্বনাশ কব্‌বাব পন্থায় আছ।

কৃ। এক হালী দানা গলায নামাবলী গায তোমাব শঙ্খধাবিণীকে কেউ প্রার্থনা কবে না ভয় নেই।

গো। দুব হতভাগা, দানা গলায নামাবলী গায কি বল্লি, তবে কি না নেহাৎ বল্‌কা নয়।

কৃ। আব নয়।

গো। তবে! খুব ছুটিটে কাটিযে এলে, চাকবী তোমা-দেবি সার্থক, ষোল আনাকে ষোল আনাই লাভ। পূজাব আমোদ কি কি হলো বল ?

কৃ। আ-মদ সকলি আমাদেব বাড়িতে হয়েছিল, পূজো হয়েছিল, সখের যাত্রা হয়েছিল, বিজয়া হয়েছিল।

গো। কোথাকাব দল ?

কৃ। আমাদেরি ঐ খানেব, নলদময়ন্তীর পালা বেস গেয়েছিল, ভারি মজা হয়ে গেচে।

গো। আগে নাটকাভিনয় হতো, তার পর দিন কতক কবি আর সখের যাত্রা চলে ছিল, শেষে কিছু দিন এমনি পাঁচালী আর হাপ্ আকড়াই আরম্ভ হয়েছিল যে, টিকটি-কীর ডাকেতেও পাঁচালীর ছড়া শুনা গেচ। এখন আবার সেই নাটকাভিনয় আর যাত্রা আরম্ভ হয়েচে। এও আবার পুরাণ হয়ে যায় এই, ভদ্রলোকে সং সাজ্লে বেশ রং হয় বটে, কিন্তু ভাবি ছিব্লে হতে হয়।

কৃ। এই নাটকাভিনয় বিগ্ড়েই যাত্রার উৎপত্তি হয়ে নাটকের দফা রফা হয়েছিল। আবার কি হয় দেখা যাক্।

গো। আমাদেরও এখানে থেকে টায় টায় পুজোটী দেখে পিত্তি রক্ষে করা হয়েচে।

কৃ। কেমন!

গো। চাটুয্যে মহাশয়ের কল্যাণে দেশের মত পুজো মায় সখের যাত্রা সকলি পাওয়া গিয়েছিল।

কৃ। কিসের পাত্রা?

গো। গোবর্দ্ধনের।

কৃ। সংখ্যার না কি?

গো। প্রায় বটে।

কৃ। তবে ভ্যাংচানার পালা বল্লেও হয়।

গো। বাড়ির ছেলে পিলে সকলে ভাল আছে ত?

কৃ। পীলে সকলে ভাল আছে।

গো। সকলেরি পীলে হয়েচে নাকি?

কৃ। শালগ্রাম চন্দ্রের পর্য্যন্ত।

গো। নানান উপসর্গ জুটে আমাদের দেশটা একেবারে ডোবালে। দেশ ছাড়, যদি কিছুদিন বাঁচবার ইচ্ছে থাকে, দেশ ছেড়ে এই খানে এসে বসে বাড়ি ঘর দোর কর।

কৃ। কেন ? বাবা ভাজ্যপুত্রও করেন নি, আর গহনা চুরি করেও পালিয়ে আসি নি। –

গো। এদেশে বুঝি গহনা চুরি করেই এসে থাকে ?

কৃ। আগে২ বাড়িতে একটু ঝক্‌ড়া হলে, কি দেশে কোন অত্যাচার করে অপমানিত হলেই, যেমন করে হোক্ কিছু টাকা সংগ্রহ করে এদেশে পালিয়ে আস্‌ত, এখনি যেন সে রকম নেই। এখন য়ূদের মত বাঙ্গালিও সকল স্থানে দেখা যায়, সেটা বিষয় কর্ম্মের অনুরোধ ক্রমেতে হোয়ে পড়েচে, নতুবা বাঙ্গালি হযে সহজে কেহ জন্মভূমির মায়া ত্যাগ কর্‌তে পারেন নি।

গো। তার আর ভুল কি। তবে গিয়ে খুব তফরি (আমোদ) কর্‌লে। আমি মদ ছেড়ে দিয়েছি, শুনেছ ?

ক। কতক্ষণ ?

গো। না, পরিহাস নয়।

কৃ। কালরাত থেকে না কি ?

একথা বলিলে হয় কেমন প্রত্যয়।
প্রভাতে দেখেছি ভানু পশ্চিমে উদয়॥
দেখেছি পরী মাধুরী পরলোক যমপুরী

ভূতের ভীম মূরতি, দেখেছি, দিবসে।
খর অনুভূতি হলো আকাশ পবশে॥
সাপের মন্ত্র ও যদি কিছু সত্য হয়।
তুমি যে ছেড়েছো মদ, কখনই নয়॥

বাবা তুমি আবার মদ ছাড়বে' আমি এই মাত্র শুনে এলাম, প্রকাশ বাবুব বাড়ি কাল পার্টি ছিল। এখনো চক্ষেব ঘোব কাটে নি।

গো। না, যথার্থ এবাব ছেড়ে দেবো, এরূপ মনন করেছি।

কৃ। তুমি মনন কবেছো, (কতলোক গাছুঁয়ে পাছুঁয়ে ছেলেব মাথায় হাত দিয়ে দিব্বি গালে, পণ স্বরূপ বড় বড গালাগাল সাম্নে বাখে, আবাব মদেব বোতল দেখলে সে সকল মিলিয়ে কোথায় যে যায় তাব চিহ্নও পাওয়া যায় না।) মদের কি চমৎকাব মোহিনী শক্তি॥ (অদূবে দর্শন কবিয়া) ও আবাব কি যায়? পাঁঠা যায় কোথা? প্রকাশ বাবুব চাকব চমকবে দেখ্‌চি যে?

(চমকর আগমন।)

চমক। (স্বগত) আর্জভি বহুৎ তকবী হোগী।

গীত।

ভৈরবী—তাল আদ্ধা।

এজী-প্রাণ হো বনশী বাজায়ে চিকনকালা হাঃ।

(স্বগত) এ চারঠো পেইযা লছমুনিয়াকো দেদেঙ্গে।

গীত।

কালারে বাজায়ে—

(স্বগত) লছমুনিয়া হামকো বহুৎ পেয়ার করেহে, কাহে নেই করেগী ? পয়সা দেহে কেত্তা।

গীত।

আহা; একেত চিকণকালা গলে শোভে মোহনমালা

(স্বগত) একঠো ধোতী সাড়ীভী, বাবুসে মাঙ লেঙ্গে।

(হস্ত পরিবর্ত্তন করিয়া) এঃ গুগুরা বক্‌রা কেত্তা ভারি।

গীত।

চিকণ কালারে এজী।

(স্বগত) দেখেঁ জোড়কে, ছঠো আওর দো আধেলাই সাতঠো, আওর কালকা দোআনা, তব্ সব জোড়কে তিন আনা তিন পয়সা। আওর একঠো হোনে সে হোয়াতা, দেঙ্গে এক আনা।

গো। কৈ, কোথা বলদেখি ? তাইতো আবার আজো কিছু রকম সরম আছে বোধ হয়। ব্যাপার খানা কি, জিজ্ঞাসা করা যাক্। (আহ্বান।) ও চমরু। (স্বগত) উঃ, ব্যাটা যে গান গাইতে মত্ত, শুনতেই পায় না। (কিঞ্চিদধিক উচ্চরবে) ও চমরু' আরে ও চমরু' হা গুখেকোর ব্যাটা।

চম। জী বাবু হামকো কহিয়ে হে ?

গো। আরে হাঁ হাঁ, তোম্‌কো, বলি পাঠা কেন্‌কা ?

চম। জী, বাবুকাতো।

গো। কাল হোগেয়া, ফের আবার আজ কাহেকো ?

চম। জী, মালুমতো নেহি। (স্বগত) বাবু মানা কিয়াথা, কাহে কহেঙ্গে। ঝুট মুট শ্বশুর যাকে হীস্ব' লাগা দেঙ্গে।

গীত।

ভৈঃর ত ঙ্গা।

কাহে গোরী তুনয নোযা লাগাকে যাদু ডাবারে।

[প্রস্থান।

গো। বুঝেছি বাড়ির ভিতরে হবে বোধ হয়, আজ অন্তঃপুরে বিহার হবে।

কৃ। বলেন্‌ কি! এই এতো বড় বোকা, মেয়েরা সাবাড় কত্তে পার্‌বে ? (বিস্ময়ে) সর্ব্বনাশ! পেটে গিয়ে উৎপাত কর্‌বে না! বাবা' ব্যাটার দাড়ি আমাদের মৌলবী সাহেবের চেয়ে চার আঙ্গুল বড়।—

গো। কৃষ্ণবাবু' এঁদের কম ভাব্‌বেন না, এঁরা ডাম্না করে দাগা ষাঁড় পার কত্তে পারেন। সিভিলাইজ্‌ড হয়েছেন, লেখা পড়া শিখেচেন, ভারতচন্দ্রের গোমূত্র আগে পান করে, দাশরথীর শেষ খণ্ড পড়ে চরিতার্থ হয়েছেন, তার পর কেবল বটতলার দিকে চেয়ে বসে

আছেন। কোন্ দিন্ দ্যাখনা স্ত্রী স্বাধীনতা দেখিয়ে বেরোন্ আর কি।

কৃ। এঁরা বাড়ি থেকে বেরুলে আব কি ফিরে যাবেন, সেই বটতলাব অঞ্চলেই যাবেন। এত দিন যোড়া গাঁথা না থাকলে যেতেন বোধ হয়।

গো। আবাব সভ্যতাব দোহাই দিয়ে নাক্ ফুঁড়ে নৎ পবা হয় না। কিন্তু মাক্‌ড়ি পববার স্থানের অকুলান হলে কাণেব নীচে উপবেব চাম্‌ড়া ফুড়তে স্বীকার) সভ্য হয়েছেন।

কৃ। দিন দিন ফ্যাসন্ কেমন বদ্‌লে যাচ্ছে দেখ্‌চেন? আগেকাব হ.উড়ো মাগিগুলো পাশা, শাঁখা, বাঁক মল পবে কর্ত্তাদের ভোগাতো, এখন সে সকল প্রায় দেখা যায় না, উলকীর সৌন্দর্য্য লোকের মন থেকে প্রস্থান কবেচে, মিসি দাঁতে দেওয়াটা দেখ্‌তে দেখ্‌তে উঠে গ্যাল। আজ কাল মুখ ধোবাব আয়োজনে ক্যাম্ফাবেটড্ চক টুথ ব্রস দেখা যায়, তেলেব পবিবর্ত্তে পমেটম্, হেযায অএল দিয়ে চুল বাঁধা হয়। তা হয়েছে ভাল'

গো। পমেটম্ বুঝি মোমের স্থানে অফিসিয়েট করচে? আগেকার মাগিগুলো চুলে মোম দিয়ে পেটো পাড়্‌তো (হাস্য) হাঃ হাঃ হাঃ।

কৃ। আবার দেখেচেন অনেকে মাথায় সিঁদুর পরে না।

গো। তা না পরে আগে থাক্‌তে সেজে বসে থাকাই ভাল। যে এপিডেমিক, আর মদের দৌরাত্ম্য হয়েচে।

প্রদোষের মেঘ আর বহুরূপি রূপ।
দেখিতে দেখিতে ধরে নানারূপ রূপ ॥
দেখিতে দেখিতে প্রাণী হয় উভচর।
কোথাও নরে বানর, বানরে বা নর ॥
ঋতু সব বর্ষচক্রে করিয়া ভ্রমণ।
সময়ে সময়ে পরে নানা আভরণ ॥
কি দেখেছো আগে ছাই, দেখা হলো কি।
বাঁচিলে দেখিতে পাবে শেষেতে বা কি ॥

দিনে দিনে যেমন আমাদের আচার আহার বেশ বিহার বদলাচ্চে, তার সঙ্গে মাগীদেরও ফাশন বদ্‌লে আস্‌চে।

কৃ। মিথ্যে নয়, আমরাও মদ ধরেচি মাগীরেও অমনি ধরেচে। কিন্তু আমরা মদ খেয়ে যত প্রতিপত্তি পেয়েছি ওদের তত হয়নি।

গো। কিসে?

কৃ। "ইয়ংবেঙ্গল" ব্রাণ্ডিতে।

গো। আমাদের এঁরাও এ সম্পত্তি পেলেন বলে। ছি, ছি, কুলাঙ্গনার অরুচি হয়ে গ্যালো। আবার দেশের অপেক্ষা এদেশে অধিক বাড়াবাড়ি, বিলাতে আমাদের মেম সাহেবদের (দিনের ব্যাল। টেঁকুচ্‌ কুচ্‌ করে চাল কাঁড়তে হয়,) আবার রেতের বেলায়

কৃ। সৃষ্টি ডোবালে দেখ্‌চি, মাগীরে আবও উঠে পড়ে লেগেচে। আবার তাও ভাবি, অবলা স্ত্রীলোক-

দেব দোষ কি? তারা কি জানে? তাদের যেদিকে লও-য়াবে সেই দিকে যাবে। যত দোষ আমাদেব। সভ্য বাবুরা আপনাব স্ত্রীকে বসিকা করিবাব জন্যে এটু লেখা পড়া শিখিয়ে থাকেন, আব তার সঙ্গে লেখা পড়াব অনুপান স্বরূপ একটু মদ খেতে দিয়ে থাকেন। এ সকল কবেন কেন যাতে কায়ক্লেশে "নেই নেই" বলে বিলাতি মেমেদেব মত কিছু আদোল আসে। ইংরাজদের অনুকরণ।

গো। বাঙ্গালিরে ইংবাজদেব উঞ্ছবৃত্তিগুলির অনু-করণ সহজে করে যেতে পাবেন।

কৃ। তাই আপনারা অধঃপাতে যাচ্চিস্ যা, কুলা-ঙ্গনাদের নিয়ে টানাটানি কেন?

গো। একলা গেলে কি আমোদ হয়? শনি মঙ্গলেব মড়া দোসর খোঁজে, এই সকল ধিক্কারেই মদ ছাড়্‌বো।

কৃ। আঃ, আপনিত অনেকবার ছেড়েচেন, আপনার ছাড়্‌লেও হয়, না ছাড়্‌লেও হয়।

গো। না এবার পুরুষোত্তমে গিয়ে জগন্নাথকে দিয়ে আস্‌বো। আর খাবনা, একেবারে ছেড়ে দেবো।

কৃ। সেখানে দুর্ভিক্ষ, সেখানে গেলে হাত পা ছেড়ে দিতে হবে।

গো। না হয় কাশী কাসী যাবো।

কৃ। তুমি কাঁসী গেলেও ছাড়বে না।

গো। আগে মনে করেছিলাম মদটদ্ খেয়ে সাহেবী

ঢাল দেখালে মাগীদের কাছে, আর বাজে লোকের কাছে খাতির পাবো, এখন দেখ্‌চি এতে আর মজা নেই। মাগীরে মদ ধরেচে, না ইয়ারকীর ফলারে পাত-মারা গেচে, আর খাবো না। কেনো গেবিমাটী, বা থাকে অদৃষ্টে।

কৃ। আপনি পাবেন আর না পারেন, আমি নিশ্চয় ছেড়ে দেবো। প্রকাশ বাবুর স্ত্রী আর কামিনী এঁরাই দুই জন বুঝি দলপতি?

গো। দলপতি কেউ হতে পাবে না, সকলেই স্বস্ব প্রধান, এ বলে আমাকে দেখ ও বলে আমাকে দেখ, প্রত্যেকেই এক একটী শক্তি বিশেষ।

কৃ। কামিনী সম্বন্ধে আর কোন বিষয় শুনেছেন?

গো। না, কি বল দেখি? (স্বগত) দেখিনা কি বলে।

কৃ। হুঁ, আপনি নাকি কিছু জানেন না?

গো। না সত্য বল্‌চি, শুদ্ধ লোকের মুখে শুনেচি সে না কি তার স্বামীকে দেখ্‌তে পারে না, এই পর্য্যন্ত। ধর্ম্ম জানেন।

কৃ। এই পর্য্যন্ত, না আরও কিছু?

গো। আরো কিছু থাকে না হয় তুমিই বল, তা তোমায় আমায় আর ছাপাবার দরকার কি? (স্বগত) যদি জেনে থাকে তা হলে অবশ্য বল্‌বে এখন।

কৃ। আমি সবে আজ এসেচি, আমি বোল্‌বো কোথা থেকে? তবে কি না একটা কথা শোনা গ্যালো সেটা

সত্য কি মিথ্যা জান্‌বার জন্য আপনাকে জিজ্ঞাসা করলেম।

গো। তবে যা শুনেচ তাই ঠিক।

কৃ। কার সঙ্গে?

গো। শুনি মিহির বাবুর সঙ্গে। সত্য মিথ্যা বলতে পারি না, আমারো শোনা কথা, মেয়েরা এই কথা নিয়ে কাণাকাণি করে। আবার তারা আরো কিছু বেসি বলে।

কৃ। (উচ্চস্বরে) বাবা' তবে না কি আপনি কিছু জানেন না! এ জনরব আপনাদেরি কীর্ত্তি, বসুন উদয় বাবু-কে সব বলে দিচ্চি।

গো। আঃ, কিও? চ্যাঁচাও কেন? (অনুচ্চস্বরে) তুমিইত বল্লে, তোমারি মুখে শুন্‌লাম তাই বল্‌চি।

কৃ। গোপাল বাবু এমনি সতর্ক, যাই বলেচি বলে দেবো ওমনি একেবারে সকল ঝোঁক আমার ঘাড়ে ফেলে দিয়েছেন (হাস্য) হাঃ হাঃ হাঃ। আমিই যদি বলে দেবো তবে আমিই একথা অগ্রে উত্থাপন কর্‌বো কেন।

গো। সেই জন্যে তুমি আগে না বল্লে আমিও বলিনি, তথাচ জানি কি বাবা, বড় বাড়ীর কথা, শেষে আমি শালাই দোষী হয়ে মারা যাই, ওরা এখানকার বড় লোক। সকলেই ত বলাবলি কর্‌চে অথচ কেউ যেন কিছুই জানে না। বাবা। তুমি যে চেঁচিয়ে উঠেছিলে আমার আত্মাপুরুষ শুকিয়ে গিয়েছিল।

কৃ। আমি একবার একটা ধাপ্পা দিয়ে দেখ-লাম, দেখি আপনি কি বলেন। মেয়ের বেসি কি বলে?

গো। ও সব কথা আর এখানে বলে কায কাজ নাই, বাড়ী গিয়ে হবে এখন

কৃ আপনি যে একেবারে পেঁচিয়ে গেলেন। আপ-নাকে কে বল্লে?

গো। কি?

কৃ। কামিনীর গর্ভ।

গো। মেয়েদের মুখে শোনা।

কৃ। আপনি এত ভয় পান। লোকে কুকর্ম্ম কর্‌তে পারে আমরা বল্‌তেও পারি না। আমি শুনেচি, মেয়েরা বমার্ক করে যে, দু তিন মাস হবে

গো। ছোড় দাও ও সব কথা।

কৃ। ছেড়ে দিচ্চি, কিন্তু সকলে বলে কামিনী লেখা পড়া জানে, আমার তো বোধ হয় না। তাহলে মানিয়ে কাজ করতে জান্তো। অন্য মেয়ে হলে ঐ স্বামীকে হজ্‌মী গুলি করে দেদার উপপতি কর্‌তো, অথচ কেউ জান্তেও পার্‌তো না।

গো। তার সন্দেহ কি, ভারি আহাম্মক। এখনো যদি স্বামীর কাছে যায় তা হলে এ সকল টাল এখনি সামলে যায়।

কৃ। আমাদের মোহিনী গোয়ালিনী বলেছিল—

বেচিনা খালি জল।
দুধেতে দিয়েছি বল॥
সুধু জল কি চলে থাকে।
দুধ না দিলে কি বং ঢাকে॥

সে কথা সত্য বটে দুধ মিশ্রিত করিলে পানাসুদ্ধ জলও চলে যায়।

গো। (অন্যমনে) তা নাতো কি? একেবারে ষোল আনা ঠকান হযে থাকে? (সচকিতে) ওহে কনু ঝুনু কবে কোথা? (অনতিদূরেএক সম্প্রদায সহিত বাইকে দেখিয়া) এই যে এ পাশে একখানি সোণামুখী বজবা দাঁড ফেলে আস্‌চে।

(সাবেং ওয়ালা প্রভৃতি সম্প্রদায়ের
সহিত বাইয়েব প্রবেশ।)

ক্র। কোথা ষাচ্চে জিজ্ঞাসা করুন না।

গো। এসনা হানি কি। (নর্ত্তকীব প্রতি) কি ভাই কোথায় যাও?

নর্ত্তকী। জী।

গো। কাহাঁ যাও গী।

সারেং। জী হজুব বর্‌খাস্ বাবুকা উহাঁ মুজ্‌বে কো।

ক্। হাঁ বুঝেছি, পাঁটার গরম মশলা চলেচে।

গো। তা দেখিই জানা গেচে।

ক্। আজ কাল বাইয়ের বাজার শস্তা না মাগ্‌গি?

গো। আজকাল খুব শস্তা।

কৃ। আর কবে কি, এই দুর্ভিক্ষেতে পেটচলা ভার হয়ে উঠেছে, সুতরাং শস্তা।

সারেং। তোরা নেহি হজুর পেট নেহি হুয়া হ্যায়। উমের এন্‌কা বহুৎ থোড়ী, খালি বহুৎ ছোটে উমের সে তালীম পায়িথী, ইসিসে এত্নে জল্‌দি মুজরেকো নেকাল আয়ী। (স্বগত) শ্বশুর সব পেট পেট করকে দিক কিয়া হ্যায। পেট তো ছিপা হুয়া হ্যায়, আঁখ দেখনে সে মালুম হোয়কাসে?

গো। আরে নেই নেই, পেট্‌কা বাৎ নেই কহেহেঁ।

কৃ। ও মনে করেচে আমরা বাইজীকেই বুঝি বলচি?

গো। ইয়ে বাই' কাহাঁকা রহনে ওয়ালী?

সারেং। জী গেয়াজীকা। হামলোক গ্যাযেথে দরভাঙ্গা। আজ দোপহর কো ইহাঁ আকে ডেরা লিয়া। কেয়ানাম———জল্‌দি ইয়াদ নেই পড়ে———ররথাস বাবু বহুৎ জীদশে এয়াদ্ কিয়ে, ক্যা করে, যাতে হেঁ।

কৃ। এ ব্যাটার আবার ভূমিকা দেখ।

গো। বাইজী কা নাম ক্যা?

সারেং। জী পেত্‌নী জান্।

গো। তা ছুঁয়া নাচ হোগা না মুজরা না আওর—

সারেং। গরিব পরওর। সোতো নেহি জানে, জাতে হেঁ দেখেঁ ক্যায়া হোজায়। (সম্প্রদায়ের প্রতি) চলো

সব। (স্বগত) ইয়ে সব বাৎচীৎ খালি স্রুবৎ দেখ্‌লেনেকা ফিকিব।

কৃ। ভাল গোপাল বাবু! একে আবো কএকবার দেখিচি দেখিচি বোধ হয় না?

গো। (সবিস্ময়ে) তাই ত ও বাবা তুমি! তুমি আবাব গযাব বহনেআলী, তা হলে নাম বদলে পেত্নীজান ও হতে না! আ! বিধাতা তোমায় রূপ কুলোয় করে ঢেলে দিয়েছেন। তবে পেত্নীজান আচ্ছা হ্যায় তে?

বাই। (সস্মিত মুখে) জী বন্দিণী, আপ লোক্ক বদৌলৎ।

কৃ। যাও পেত্নীজান দলে মেশোগে কিন্তু দেখো যেন কারেও পেয়ে বোসোনা। (স্বগত) বাবা গযাব পেত্নী ছাড়ানো ভার। (গোপালের প্রতি) আপনার সঙ্গে দেখ্‌চি আলাপ আছে।

সাবে। (কিঞ্চিৎ অগ্রসর হইয়া) জী হাঁ বাবুসে বাথোবী জান্ পছান হ্যায়।

কৃ। ভাবে বোধ হয়।

গো। আমি প্রথমে ওকে চিন্‌তে পারি নাই (বিষাদে) আর চক্ষে চালসে ধরেছে, আমাদের দফা র-হয়ে গ্যালো। একে আমি চক্ষে দেখ্‌তে পাই না তাতে আবার ছিল বগ্ জান হয়েছে পেত্নীজান।

বাই। জী, উও সব নাম আগে মেরীথী, যবসে মুজরে বো নিক্লী তবসে ইয়ে নাম বাখা গিয়া।

গো। সোই কহ জী।

কৃ। হাঁ ওসব নাম আগে হয়ে গেচে এখন পেত্নীজান হয়েছেন। কলিকাতার বেশ্যাদের যেমন প্রথমে বসন্ত, গোলাপ থেকে আরম্ভ হয়ে অবস্থার পর্য্যায় ক্রমে কামিনী, নিস্তারিণী, বামা, দুগগোমণি, রামমণি, প্যালার মা, অবশেষে বৈষ্ণবীতে শেষ হয়, এঁদেরও সেই রকম।

গো। বাইজী! ইয়ে নাম আপ্‌কা ক্যাসে রাখ্যা গয়া।

সাং। (নর্ত্তকীর বাক্যস্ফূর্ত্তি না হইতেই) জী হুজুর, হামলোক হর বক্ত বাঙ্গালী বাবু লোক্কে পাস যাতে আতে হেঁ ইসওয়াস্তে, এক বাবু সে মাঙ্গাগা, বাবুনে ইয়ে নাম রাখ দিয়া মালুম হোয়হে বহুৎ আচ্ছি নাম হোগী।

বাই। কাহে জী, আচ্ছা নেহি হ্যায়?

কৃ। জী হাঁ, এ নাম বাঙ্গালামেসে চুনকে নেকালা হুয়া হ্যায়। যেন্‌কা ইয়ে নাম হ্যায় ওনকা সুরত আজ তক্‌কৈ নেই দেখা, যো কৈ কহে ওন্‌কা পায়ের এসা, ওন্‌কা মু এসা, উও এত্তে লম্বা সব ঝুট। মগর হাম কহে সকে এনাম আপ্‌কা বহুৎ আচ্ছা হুয়া। (গোপালের প্রতি) চলুন সঙ্গে হয়ে গ্যাল, আপনাদের ঐ দিকে যাওয়া যাক। (উভয়ের গমন)

বাই। এ গোপাল বাবু, এক রোজ মুজরা উজরা শুনিয়েনা।

গো। নেই বাবু! যাও ঐ পরকাশ*বাবুকা উহাঁ।

বাই। আপভি তো একরোজ শুনলিজে।

গো। বহুৎ খুব, হ্যায।

[প্রস্থান।

বাই। (উচ্চস্বরে) পহেলেতো শুনাথ. ফের আব্‌-কীতো শুনিয়ে।

গো। (প্রস্থান করিতে করিতে স্বগত) দুটাকাই হোগ্‌ আর এক টাকাই হোগ্‌ এখন দিয়ে মুজ্‌রা শুনি তার পর ওঁর হাত মুখ নাড়া দেখে আত্মারাম পড়ে যাই। এই মহার্ঘের বাজারে আবো কিছুতে জল দি। (উচ্চস্বরে) নেই, নেই, নেই

কৃ। পেলে গোপাল বাবুকে।

বাই। (উচ্চস্বরে) আওঙ্গে? আপ্‌কা বাসা কাহাঁ?

কৃ। যমের বাড়ি'ম, যাইয়োজী যাইয়ো। (গোপালের প্রতি) চলু। আঃ বাঁচা গেল, এই ন্যাকড়ার আগুন অ্যালের বাদ্‌না আর এদেশী কাঙ্গালী ছোড়েও ছাড়ে না।

(ইতি প্রথমাঙ্ক।)

* এ প্রদেশে বাঙ্গালা নাম (শব্দ উচ্চারিত না হওয়াতে "প্রকাশ" বুঝান পরকাশ উক্ত হইয়াছে।

দ্বিতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

উদয় বাবুর বৈঠকখানা।

(কেবলরাম একাকী আসীন।)

কে। (স্বগত) এর মানে কি? আজ তিনি চার দিন হতে শ্বশুর বাড়ীতে বসে আছি, স্ত্রীর সঙ্গে আলাপ হওয়া দূরে থাক্‌চা চক্ষে দেখাঁ সাক্ষাতো হলো নাই; কামিনী নাম যার সেই আমার স্ত্রী তা জানি,বাড়ীতে যাকে সকলে কামিনী বলে ডাঁকে সেই উদয় বাবুর কন্যা কামিনী বটে তা ও জানি. তবে ঐ যদি আমার ব্রাহ্মণী হলো,তবে উ আমাকে দেখেঁ উমন তর কবে কেনে? এর ভেবে হদীশ পাই না। আমার সাক্ষাঁতে সচ্ছন্দে হাঁকাবে হাঁকাবে কথা কয়, দেখেঁ ঘোমটা দেয না কিছু না. সে দিন চল বাধ্‌চে আমি হুট করে গিয়ে পড়লাম. আমাকে দেখেঁ সমিহও করলোক্‌ নাই, একবার চেয়ে দেঁখলে, দেখেঁ যেমন বঁসে আছে তেমনই বোলো। আমি মনে মনে কর্‌লাম হয়ত আমায় চিন্তে পেরে থাক্‌বেক নাই, এই ভেবে গল। খ্যাঁকার দিলাম তাতে বাকাডলেওনা, এমোন ডৌলের মেয়েলোক ত কথায় দেখি নাই আবার চক্ষেঁর

দোষটা এমোনী হইছে যে উব পানে চাইতে ডব কবে, কে জানে কি ভাবে আমাকে দেখেঁ। শাশুবি ঠাক্‌বাণ আমাকে দেঁখ্যা মু ঢাকা দেন, লাজ কবেন, আব উ আমাকে দেখ্যাঁ পোঁচেওনা এব মম্ম কি খুঁজে পাইনা। ইতে কবে আটকোল হয় উ আমাকে দেখতে নাবে। ভাল, কিসেব তবে উমন কবে। (আদার্শে অবয়ব দেখিতে দেখিতে) ক্যানে? আমি ইমনই কি কুচ্ছিত দেখতে (দক্ষিণ হস্তে চুল ফিবাইতে ফিবাইতে) কানে? আমাব চিহাবা ত লিহাত মন্দ লয়। খালি চক্ষু দুটতেই কিছু খাবাপ দেখাইচে। (সহাস্যে) একে ছোট, তাতে আবাব লিসা টিসা কবে আবো খাবাপ হয়ে পডিচ্যা। দোষেব মধ্যে কপালটা এটু উচ্চু, তা সেটা কোঁকড়া চুলেব বাহাবে শুদ্ধুবে লিবেক। আব আমাব কি খাবাপ? কিছুই লয়, তবে কি না লাকেব মাজ খানটা ঈষৎ চ্যাপা, ঈষদই বা কেনে মনে কব এটু ভালবকম চ্যাপা, এই জন্যে লোকে খাঁদা বলে। তা সকলেবি যে বাঁশীব মত লাক হবেক ইমোনই কি লিখা পড়া আছে? পুংনীটেই বড বাহাব লিচে, বেস্ ছোট কিন্তু ওঠ দুখান কিছু লম্বা লম্বা হইয়্যা প্যাঁচ পড়িচ্যা, তা ইটাও ধত্তব্বিব মধ্যে লয়, কেন না ইটা এটু সামলে লিলেই চল্যা যায়, আর ইজে উলকিট্যা দেখাইচে ইতেই বাবা সব্বকাব টিক্কা মেব্যা লিচে। (হস্ত উল্টাইয়া দক্ষিণ প্রকোষ্ঠ দর্শন) আমাব গায়ের বরণ কিছু ময়লাট্যা মেরে গিছে লয়? তা হবেক

নাই বাড়ি হতেএই দেশের কুড় বাজোর কুড় আসা গিচ্যা, রাস্তায় কত কষ্ট পাইচি, কত ধুলো কাদা লেগেচে তাতে আর মলা পড়বেক নাই ? দিন কত বঁসে খেঁলেই আবার দেখনা কেমন রং হয়। নঃ লে,তে হাই বলুগ আমার চিহারা লিহাত মন্দ লয়। ইস্নান করে চুল টুল ফিরালে যারা আমাকে ভাল বাঁসে তারা অবিশ্যি বলবেক কেবলরাম উজ্জ্বল শাম বর্ণের একটী বড়ডী বেশ সুন্দর সুছিরি বেটা-ছেলে, রূপে কি করে ও। যে মন হেকরে লয়। নৈলে পিঁজরায় ভর কোকিল পালবেক ক্যানে ?——গঁপ্ জোড়াটী আমার বেস, আর চাড়া দিয়ে কার্ত্তিকের মত করে দিল্যো কার্ত্তিকের মতন হয়, ইটা ইথন তাগাৎ মেয়ে মহলে দেখানো হয় নাই, দেখাতে হবেক। ইর ই একটী দোষ দেখাইচে যে দুই পাশ্যের কযগাছা অতিশয় বড় আমার শরিলটা কৃশা মেব্যাক, গায়ের আঙ্গরাখাটা ঢিল্ হয়ে গিচে (উভয় স্কন্ধ দর্শন করিয়া) ইঃ অনেক ঢিল হয়্যা পড়িচে ' আঙ্গরাখা ইমোন হওয়া চাইযে, এককালে গাযের সাতে কসে লিবেক। যে যা বলেন। ক্যানে আমার চিহারা লিহাত খারাপ্ ল ? । আমি ত আমার চিহারা বড় সুন্দর দেখি। নাঃ আমার চিহারা বিচ্ছীরি বলে যে আমাকে দেখ্তে নারে ইমোনটা লয়, বোধ হয় আমি ভাল লিখা পড় জানি নাই বল্যা আমাকে ইত ঘিন্না করে।——বাঙ্গালা সিয়াখৎ রতিকৃত্তম লিখ্যাপড়া, বাবা এই সিয়াখৎ যদি না

থাক্‌ত, তা হলে হিসাব কিতাব রাখ্‌তে হলে বাছাদের অন্দকার দেখ্‌তে হতো। এই সিয়াখতের ভিৎরি নাই ইমোন্‌ জিনিশটা দেখা যায় নাই। পত্র লিখা হতে ধরে যাও, ধরে গিয়ে তার পর ধর গিযে জমীদারী কাগজ লিখা, দোকানের খাতা পত্র রাখা, লিখা কল্লে ইর চৌহদ্দির ভিৎরী দাশরথীর পাঁচালি পয্যন্ত পড়ে যায়। সিয়াখৎ না জেনে, কৈ কেল্ল এক কলম লিখেন দেখিঁ কত বড মদ্দ। ইমোনি হদিশ লয। খালি গুলোক জামা জোড়া পরে যাত্রা দলের ছোকরা সেজে ঘুরে ব্যাড়ালেই বিদ্বান হয না। কিবল ইংরাজিটেই জানিনা, তাও হরপকটা বলে যেতে পারি, এ, বি, সি, এই বই ত লয। খালি চিন্তে পারি নাই তা নারলাম নারলাম। বাবা এই কুলিনের ঘরের ব্যাটা হয়ে ইতো শিখেঁচি, এই ঢেক, শ্বশুরের চোদ্দপুরুষের ভাগ্যি, কুলীনের ছেলে কে কোথায লিখাঁপড়া করে থাকে?

> লগন্‌ চাঁদা বেদ্‌ রাখানে।
> পডতে না জানে হরপ্‌ চেনে॥
> হযতো রাজা লয় তো বায়।
> পরের ধানে বঁশে বঁশে খায॥

ক্যানে শাশুড়ী ঠাকুরাণের ত আমার পির্‌তি অযত্ন নাই। আহা তিনি আমাকে জার কত ভাল বাসেন, অনেক দিনের পোর আইচি বলে সি দিন কত বলা হলো, আবার ভাত্‌ খাঁবার কাছে বঁস্যা ইটা খাঁও শিটা খাঁও বলে

বলে কত আযেস্তি জানালেন, ও মাগির আমার পির্‌তি যত্তনের টুটি নেই যতষ্ট ভাল বাঁসে। কিবল এই ছুড়ী ক্যানে আমাকে দেখ্‌তে পাল্ল্যাক নাই বল্‌তে নারি। (মুকুরে দৃষ্টিপাত করিয়া বাম হস্তে গোঁপ ধারণপূর্ব্বক) ভাল এই রূপ গুণ লিয়ে ওঁর গরবধারিণীর ভাল বাঁসার পাত্র হলেম তাঁর আর মন উঠলোক নাই। শ্বশুর বেটাকেও ঐ রোগে ধরাইচে শ্বশুর বেটাই গোড়ার ছে, উ বেঁটাই ভালবাঁসতে বারণ করে। ইতে করে আমার কিন্তু উবেটাকে সন্দ হয়। দুপাশের গঁপ কগাছা বড বড হইযা ভারি খারাপ্‌ দেখাঁইচে। ই প্যান কাটা চাকু খানা দিযে এট্টু এট্টু সেটে ফ্যাল। যাক্‌ (ছেদনান্তর) হি য.ঃ কি করিচি এযে একে কালে গোড়া সাপ্টে কেঁটে ফ্যালাইচি, (নিতান্ত ভাবিত হইয়া) ইখন ? (সখেদে) তবে না হয একেকালে ফেলেই দি। (স্বহস্তে ক্ষৌরি হইতে হইতে) উঃ বড় বাজে! (বিরক্তির সহিত) দূর হগ্‌গ্যে, আজ রাত্রে আর কে দেখ্‌তে আস্‌চে, কাল তখন গটা নাপিতকে ডেঁক্যা ফেলাযে দিবক্‌।

নেপথ্যে। কামিনি কামিনি!

কেবল। (শশব্যস্তে ছুরিকা দূরে নিক্ষেপ করিয়া মুখে বস্ত্রাচ্ছাদনান্তর স্বগত) কে ডাঁক্‌লে কামিনী বলে ?

নেপথ্যে। কামিনি! কামিনি! ওরে কামিনীকে পাঠিয়ে দে।

কেবল। (স্বগত) এই পাশের ঘরে শ্বশুর বস্যা

আছেন বুঝি, ভাগে আমাকে দেখতে পায় নাই। নাঃ দেখতেই বা পাবেক কেমন করে, ই দিকের দরজা বন্দ আছে যে। শোনা যাক্ কি বলা বলি হয়। কামিনীকে ডাঁকলে ক্যানে? বোধ হয় সেই জন্যে, না না ইমোনটা লয় আমার কাছে আস্তে দিবাক বা। দেখি কি হয়। কিন্তু যা বল, আজকে যদি আমাকে ঘরে শুতে বলে আমিত নারবো, গপ যে থাবাপ করে ফেলাইচি। (কিয়ৎকাল চিন্তা করিয়া) উঁ হুঁ, শুতে হবাক, না শুল্যে যদি বাহাৎ হয়? রাত্রে আর কে দেখতে আসচে মুখে এমনি করে ঢাকা দিয়া যাওয়া যাবেক ক্ষণ (মুখাবরণ)।

ইতি প্রথম গর্ভাঙ্ক।

দ্বিতীয় অঙ্ক।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

উদয বাবুর শযন ঘর।

(একাকী উদয় বাবু আসীন।)

উদ। ওবে এখনো কামিনীকে পাঠ্যে দিলিনে ?

(গিন্নীর প্রবেশ।)

গিন্নী। (সবোষে) দেখ তোমাকে ব্যাগ্যতা কবে বল্‌চি গিল্‌বে আপনি গেল মেয়েটাকে আব গিলিওনা। মবণটা হলে বাঁচি।

[সবোষে প্রস্থান।

উদ। আহাঃ, ভাল জিনিস ছেলে পুলেকে না দিযে কি খেতে আছে ?

কেবল। (স্বগত) ভাল জিনিস কি ? অসময়েব আম কাঁঠাল ঢেকচ্যা।

গিন্নী। (প্রস্থান কবিতে কবিতে) দেখ কামিনি ও ঘবে যাস্‌নে বলচি ?

কা। কেন ?

(কামিনীর প্রবেশ।)

কে। (স্বগত) (অলঙ্কাব ধ্বনি শ্রবণ কবিয়া) এস এস ই ঘরে তোমাব বাবা (খুড়ি) তোমাব আমি বস্যা আছি।

বাবার সঙ্গে বড় পিরীত, আমাকে ভাল বাঁসে নাই ক্যানে? ভাল আমার রূপ গুণে যদি তোর রুচি না হয়, এক দিন অসুদ গিলিব্যার মত করে কাছে এসেঁ দেখনা ক্যানে? উই কি বলে (কর্ণপাতন)।

উদ। এতক্ষণ কি কর্ ছিলে? আমি শ্যাম্পিন খুলে সেই পর্য্যন্ত ডাক্ চি শুন্তে পাওনি নাকি, দেখ খারাপ হয়ে গ্যাল বুঝি।

কা। আমি আজ ওদের বাড়ি নেমন্তন্নে যাবো, আবার এখানে খাবো?

উদ। আঃ, তার এখনো অনেক দেরি, এতে আর নেসা হবে না।

কে। (স্বগত) উঃ বাবা! মদ নাকি'টা আমি ভিব্যা ছিলাম আর কিছু খাঁবার জিনিস। উঃ! বেটা কি ভয়ানক লোক' মেয়েকে লিযে একত্তরে বসেঁ মদ মারব্যাক? "এতক্ষণ কি কর্ ছিলে?" বেটার কথার ছিরি দেখ্যাচ উর বিবাহ করা মাগ আর কি, শালা। ই শ্বশুর বেটা আমার কন্টক হইছে, ই বেটা মল্যা জোর ক... করি। শুভস্ব বাপের সঙ্গেই বা, না না।

কা। (মদ্য পান করিয়া) হ্যাঁ বাবা'— বাড়িতে কি আজ মুজ্‌রা হবে শুনেছেন?।

কে। (স্বগত) নিমন্তনের খবর লওয়া হইচ্যা আর আ:· শালা তিন চারদিন থেকে ইস্তা পড়ে আছি তার খবর নাই যাও বাবা নিমন্তন্নে যাও, পাপ কর্ম্ম ছাপা থাকবার লয়

পেট হলেই সব ফাঁস। আমি লোকের গুজব শুনে আগে বিশ্বেস কবিনি, ইথন ই রাঁড়েদেব মাসি পিসিব বাড়ি - যাওয়াব সমান, নিমন্তন্নে যাওয়াতে সত্যি বলে লাগে। বলে

" গুপনে কবিলে পাপ কর্ম্ম দেখ্যাঁ ভগবান।
নাহি দেখাঁ যায় যাহা কবি অনুমান॥
কাপড়ে আগুন বল কত ছাঁপা ববে।
ডুব্যা ডুব্যা খাও জল পেট উচু হবে॥"

উ। শুনি নাই অবশ্য হওযা সম্ভব বটে, কেন না আমি শুনেছি প্রকাশ বাবুব স্ত্রী জামাতা দেখ্‌বাব জন্যই এ কাণ্ডটা করেছেন, অন্য লোক আব কাবেও বলা হয় নাই, এতে মুজ্‌বা হওয়াব সম্পূর্ণ সম্ভাবনা, কেন না যেখানে পিঠে সংক্রান্তিতে নাচ্‌ হয়, এরূপ সমারোহে মুজবাও হবে না ?

কা। (স্বগত) আমাব স্বামী রূপে গুণে অত্যন্ত [illegible]সিত এই জন্যে যে আমি তাকে স্বীকাব কবিনা এ কথা [illegible]লেই জানে। মোক্ষদাও শুনে থাক্‌বে, কিন্তু কখন [illegible]চক্ষে দেখে নাই, আজ সেই জন্যেই সকলকে নিমন্ত্রণ করেচে, যদি চাক্ষুস প্রত্যক্ষে ঐ অসভ্যটাকে দেখে তা হলে আমাকে অত্যন্ত হাস্যাস্পদ হতে হবে, অতএব সেটা যাতে নিবাবণ হয় এমন কার্য্য করা কর্ত্তব্য। যদ্যপি একান্তই ওর যাওয়া হয়, তা হলে আমি যাবো না, যদ্যপি আমার যাওয়া নিবাবিত না হয় তাহলে অগত্যা শেষে

পবিহাস ভরসা, যদি মোক্ষদা বলে ঐ কি তোব ভাতাব ! আমি কি বল্‌বো ? (চিন্তা) আমি বলবো দূব ও তাব চাকব। যেমন একজন বেইলওযেব বাবু জন্মদাতা পিতাকে অনুপযুক্ত অবস্থায় দেখে সম্মান রক্ষাব জন্য বাড়িব গুরু মহাশয বলে ছিলো।

উ। (কামিনীকে মৌনাবলম্বিনী দেখিয়া) তাব মধ্যে একেবাবে সকলেবি যাওয়া কিপ্রকাবে হতে পাবে, বাড়ি থাক্‌বে কে।

কামি। এখন আবাব চোবেব ভয় বড হযেচে।

উদ। কেবল না হয বাড়িতে থাকুক।

কেব। হুঁ দেখেঁচো, শালাব আক্কেলটা, ই বল্লে আমাব জন্যেই সকলেব নিমন্তন্ন হইচে, আবাব দেখ্যাচ।

উদ। তাব পব আমবা খেযে এলে ও গিয়ে খেয়ে আস্‌বে এখন। ঐ আবাব আস্‌চে।

(গিন্নীর পুনঃপ্রবেশ।)

গিন্নী। এই কথা গুলো শুনে আমাব সর্ব্বাঙ্গটা জ্বালা করে, এমন বুড়ো বয়েসে স্ব্বী দীর্ঘ্বী জ্ঞান শূন্যো কেউ কোথায় দেখেনি। একেবাবে বুদ্ধি বিবেচনার মাতা খেয়ে বসেচেন। দিবে নিশি বসে বসে মদ গিল্লে কি আব বস্তু থাকে? উনি আবার বাড়িব কর্ত্তা, ওঁকে আবার লোকে মান্য কবে, ছাই কবে। হয় ত, কোথায় বাস্তায় দাড়িয়ে দাড়িয়ে ফিবে এসে, আমার কাছে বড়াই করা

হয়, লোকে হ্যান বল্লে, ত্যান কল্লে! ওঁর মাথা কল্লে, মুণ্ডু কল্লে। ওঁর বিবেচনার মুখে ছাই। মেয়েটাকে ঐ ত খারাপ্ কল্লে, নৈলে অত বড় সোমত্ত মেয়ে বেদার হয়? মা বাপের কথা শোনেনা, ভাতারের কাছে শোয় না।

কাম। বাবা পালান্!

কের। (অনুচ্চস্বরে) ধঃ শালাকে। (হাস্য—উচ্চরবে) হুঃ (বস্ত্র দ্বারা মুখগহ্বর পূরণ)।

উদ। কি শব্দ হোলা?

গিন্নী। (সক্রোধে উদয়ের সম্মুখে আসিয়া) কি হবে! কি হবে? জামাই থাক্‌বে বাড়ি আগুলে, আর তুমি যাবে নেমন্তন্নে, বলি মদের সঙ্গে বুদ্ধি বিবেচনার মাথাও খেয়ে বসেছ নাকি? ওমা, অবাক করেছে' বুড়ো মিন্‌ষে হয়ে বলে কি?

উদ। মর, চাঁচাস ক্যানো? আমি কি তা বল্‌চি আমি, বল্‌লাম একে একে খেয়ে আসবো।

কের। (স্বগত) ইখন কুৎকা দেখ্যা পেছুলে হব্যাক নাই।

উদ। নে বড় বেগেছিস এট্টু স্যাম্পিন্ খা।

গিন্নী। (অনুচ্চস্বরে) কিও, চুপ কর, মুখতো নয় যেন আঁস্তাকুড়, ঐ ঘরে বসে আছে শুন্‌লেবা। মনে কল্লে ব্যানে কি? ভাব্‌লে এবা গুষ্টী শুদ্ধ মাতাল। একেবারে মদ গিলে অজ্ঞান হয়েছ নাকি। ভাল ঝকমারি করে বল্‌তে এসেছি।

উদ। চুপ কর না হলে ফের বল্‌বো।

গিন্নী। বলনা বড় পৌরষ, মরণ আর কি!

কের। (স্বগত) বোদ লাগে শাশুড়ী ঠাক্‌রোণের চলে। তা ইমোনডা কি হতে পাবে, খানা ডোবা জলে ভরা আর পিদিষ্টে করা পোকুর শুক্কু।

কামি। হাঃ হঃ হাঃ।

গিন্নী। নে তুই আর হাসিস্‌নে, তোর হাসি আর আমার ভাল লাগেনা।

কামি। অবাক্‌, আমি কি তোমার কথা শুনেই হাস্‌লাম'

গিন্নী। ভাল, এই গুলোই কি ভাল দেখায়, না লোকে শুনে ভাল বলে।

উদ। (মদ্যপান করিয়া) নে নে, তোর আর বুড়ো পিসীর মত হিতোপদেশ ঝাড়তে হবে না। মরগে যা জামাই জামাই করে। ত্যক্ত করে তুলেছে। ওটা কি জামায়ের মধ্যে জামাই, ওটাতো পশু।

গিন্নী। না, আর ঘাঁটানো কিছু নয়।

কের। (স্বগত) উরে বেটা আমি পশুই হই, আর যাই হই, কুলীন কত বড়, বল্লালীর মাহাত্মাই যুদো, সৈভ্যই হও আর ভৈব্যই হও, দিব্‌তা ঠাকুর মানো আর নাই মানো, ই শ্রীপাদ পঁদ্যার ওপার মহিমে মান্‌তে হবেই হবে। বিষয়টা পাবার আশাতেই আছি, নৈলে তোর বাড়িতে প্রস্তাব করা দিয়েঁ চলে যেতেম।

উদ। (সখেদে) হায়! আমি দুর্বৃত্ত দেশাচারের দায়ে পড়ে সুচারু মাধবীলতাকে কণ্টকবৃক্ষে আরোপিত করেছি। ভবিষ্যতে এরূপ ঘটনা হবে, আগে জানলে কি এ কারখানা উপস্থিত হতে পারে? হাজার হাজার লোক এক পক্ষ হলেও আমি কারো কথা না শুনে একটী সৎপাত্রে কন্যা দিতেম, ঐ কুলাভিমানী গণ্ড মূর্খ অকাল কুষ্মাণ্ডকে কন্যা উৎসর্গ করিনা। একেই বলে অদৃষ্টের ফল।——(চিন্তা।)

কে। (স্বগত) উচ্ছুগ্যু কর্যাছ, ঠাকুরকে নৈবিদ্যি দ্যাখাইচ। ঐ যে কথায় বলে

"উচ্চুঁবে তুলিয়ে মাটী সাপে দেয় ঘব।
ডোম কাগে বাঁধিয়া বাসা পাক্সে পিখবব॥
মৌমাচিবে মধু বয় বাবজনে লয়।
নড়াফেলা বেলা আমি ফলাবেতে নয়॥"

আমার তাই হইচ্যা। (অনুচ্চস্বরে) কিন্তু বাবা পেট হলে আর কোন শালা ইত্যা আছে, ই এককালে বল্যা দিচ্চি।

গিন্নী। ভাল, জামাই যেন মন্দই হয়েছে, তার এখন আর কি হবে, বলে "ভাবিতে উচিত ছিল পিরতিগ্যে যখন।" ভাল ছেলে দেখে মেয়ে দিতে কে বারণ করে ছিল? তখন মদ খাওয়া, খানা খাওয়া নিয়ে সকলে এক ঘরে করেছে, এ দিকে মেয়ে বড় হয়ে উঠলো, ভাল মন্দ বিবেচনা না করে মেয়েটাকে জলে ফেলে দিলে।

সে কার দোষ? তোমা হতেই না সব ভণ্ডুল হলো। আমি ববঞ্চ বলে ছিলুম, বলি আমাব সাত নেই পাঁচ নেই, সবে একটী মেযে, দেখো যেন মনোদুঃখ পায না, তুমিই বল্লে " বেস ছেলে বেস ছেলে, লেখা পড়া তেমন জানেনা, তা এখনো বয়েস কম, এব পবে শিখবে, এখন না হলে এমন সুযোগ আর পাওয়া ভাব ," তা জন্ম মৃত্যু বিবাহ বিধেতাব কর্ম্ম। ওব কপালে যা ছিল তা হযে গেচে, হাতেব ঢ্যাল, ফেল্লে আব কি ফিবে আসে? এও তাই। এ ত আব কেনা বেচা নয় যে এ জিনীসটে মনে ধবে না, ফিবে দেওয়া গেল। কথায় বলে

সাগবে ফেলিযা চিনি কেবা ফিবে পায়।
ভাঙ্গিলে হীবক খণ্ড কোথা জোড়া যায়॥
পবিনয় সাধুবাক্য না হয় অনাথা।
যাইলে হিন্দুব জাতি ফিবে পায কোথা॥

কেব। (স্বগত) ভ্যালা মোব বাপবে, ঠিক্যান হাই-কোর্টেব উকীল ব্যারিস্টল্ পিলিড্ কবচ্যা। ইমোন কব্যা বুঝলেই আর কোন গোল থাকে নাই।

গিন্নী। তা বলে কি আব জামাই নিযে ঘব কন্না কত্তে হবে না, এই শুনে লোকে বল্‌বে কি। শক্রমুখে ছাই দিয়ে পোনোবো বছবেব হতে গ্যালো, আব কি অমন তর ভাল দেখায, এখন লোকে মন্দ বই আর ভাল বলবে কে?

কেব। (স্বগত) লোকে বলব্যাক কি, বল্যা ক্যালা-

ইচে। আহা দনিয়াব মধ্যা শাশুডি যে কি পদাথো তা লোকে চিন্তে পাল্যাক নাই। আবাব ইমন তর, শাস্ত্রে যে লিখ্যাচে ‘অসাব ক্ষল সংসাব সার শ্বশুর কামিনী” তা চোমোৎকাব দেখা গেল।

সুন্দবেব মাসী তুমি হীবে মেলেনী।
নানা না না নানা গুণী গয়ালিনী॥

আমাব মৌচাক খানি নিম্‌বাজী হয়ে আইচ্যা। আজ এই গঁপটাব বিপুত্তি যদি না হতো, তা হলে ভাবি মজাই হতো, বুকফুলিয়ে ঘবে গিয়ে শুতে পাব্‌ত্যাম। কিন্তু গঁপ্‌ জোট্টা বিগ্‌ড়ে যাওয়াতে আজ আব কোন মোতেই ঘরে শুতে যেতে মন সবচ্যাক্‌না।—(চিন্তা) নাঃ শুভস্য শীঘ্রং।

গিন্নী। এমন মেযেও দেখিনি, যে মা বাপের কথা শুনে না। আমাব যে কপাল মন্দ, কপাল ভাল হলে সব ভাল হয়। আহা ওদের সাবদাকে দেখ্‌লে চক্ষু জুড়োয়, কামিনীও যে এত দিন ঘব কন্না কল্লে, দুছেলেব মা হতো। দুভ্রাগ্যি।

কেব। (স্বগত) হাঁ ইত দিনে——ইত দিনে গান্ধারী করে দিতে পাত্তাম।

গিন্নী। বলে ওমা আমি যাবো কোথা।

বলিতে লাজেব কথা॥

মেয়ে মানুষ হয়ে দিবেনিশী এই খাচ্চে এই খাচ্চে এই গুলো তুমিইত আদব করে বাড়িয়ে দিয়েছ, নৈলে এমন বেদাব কখন হতে পারে?

কামি। আর কেউ নাকি খায় না ?

গিন্নী। নে, তুই আর চোপা করিস্‌নে, আস্পদ্ধা দেখেচ।

উদ্দ। (মদ্যপানান্তর) একবত্তি মদখেলেই যদি লোক বয়ে যেতো, তা হলে, এই দেশ শুদ্ধ লোকটাই বয়ে যেতো। এখন এই কেবল কতগুলো বাজেলোক জুটেছে, যারা পরের ভাল দেখ্‌তে পারে না তারাই সব মদ খাওয়া নিয়ে ফ্যাঁসাং করে বেড়ায়। এই যে ইংরাজেরা সপরিবারে মদ খায় তবে তারা একেবারে বয়ে গেচে ? লোকে বল্‌বেনা কেন, আজ বল্‌বে মদ ছাড়, কাল বল্‌বে স্ত্রী ছাড়, পরশ্য বল্‌বে কৌপীন্‌ পর, তবে লোকের কথা শুনে সকল সুখে জলাঞ্জলি দিয়ে সন্ন্যাসী হই আর কি। সুরাপানের উপকার গুলোত চক্ষুদিয়ে দেখেনা।

গিন্নী। "আমি ত আর তা বল্‌চিনা। দিবেনিশি না খেয়ে কখন কখন একটু কেউ খেলেই বা, তাতে দোষ কি" আমি বল্‌চি আর একটা কথা।

উদ্দ। সে বিষয় সম্মতির উপর নির্ভর করে। প্রেশ করবার আবশ্যক করেনা। এই যে ইংরাজদের মেয়েরা অনেকে যাবজ্জীবন বিবাহ করেইনা, তার কি।

কের। (স্বগত) না পেলেই করব্যাক নাই, যেমন আমাদের শিবী বাম্‌নী' শিবীদের সমান ঘর মেলম্যক না বলে, লোকে মনে কল্লে, বুঝি ই যাত্রায় বিবাহ হলইনা, মাতার চুল পেকে গ্যালো, অবশ্যাবকালে ভাগ্‌গি বলে

শিবীর আইবুড়ো নাম ঘচাতে পূব্ব দেশ হতে একটী বছর ইগাবর ছেলে এলো, তাই তার বিয়ে হলো। আহা! সে বুড়ো বয়েসে ভাতার পেয়ে বত্তে গ্যালো, ছেলেটীকে মাব মত যত্ন কর্‌তো। পা ধুইয়ে দিত, বাতাস করতো সে যেন শিবীর গুরু পুত্তুর। বিটল্যা ছোঁড়াবা বল্‌ত, শিবী পুষ্যি পুত্তুর লিচ্যা তাই বাখ, শিবী বাম্নী করে ট্যাব পাবে লোকের গালা ঘুসো সুরু হইচে।

গিন্নী। তোমার ঐ সব কথা শুনেইত ও অত আস্কাবা পেয়ে গেচে।

কামি। (গৃহিণীপ্রতি সরোষ দৃষ্টিপাত করিয়া) অবশ্য পাবে।

[প্রস্থান।

কেব। (স্বগত) চল্যাক গ্যালো। (চিন্তা) উটাকে পেচয় পাইচ্যা। যদি শাশুড়ী ঠাকরান্ একবার ভূতের বোজাকে ডাকিয়ে চেষ্টা পান তা হল্যা বোধ হয় সেবে যায়। আমি জানি ভুতের বোজারা ইমোন অনেক পালা হুড়কো মেয়েকে আরাম করে দিইচ্যা।

উদ। তুই কেন বল্ দেখি ওকে সর্ব্বদা বিরক্ত করিস?

গিন্নী। কর্‌বোনা? তবে দিলে কিসের জন্যে, বিয়ে দিয়ে জামাইকে ছুড়ে ফেলে দেবে না কি?

উদ। অবশ্য তাই হবে, বিধবা বিবাহ মতে পুনরায় বিবাহ দেবো। তা আর কি হতে নেই? কামিনি, কুচ্ পরওয়া নেই বেটী, কলিকাতায় চিটি লিখে, বিধবা বিবাহের

র মত এনে, ফেব তোব বে দেবো, আমাব কামিনী মনো- দুঃখ পাবে, কখনই হবেনা।

কেব। (স্বগত) ই বাবা! সেই হলেই যে গিচি, সর্ব্ব নাশ হলো দেখচি। হে বিপুত্তিব মধুসূদন, যা উঠ্যাচ্যা ই কথা আব ন, উঠ্যা। হে মা দুর্গা সবস্বতি ইটাব কন্দ ছাড় মা, ইবেটাবেও পেত্নী পাইচ্যা। (চিন্তা কবিয়া) ভাল সোয়ামী বিচ্যা থাক্‌তেও বিদোবা নাকি? কৃষ্ণ বাবুব নিকট সুদ্ধুলে ইব তত্থ্য পাওযা যাব্যাক।

গিন্নী। ওকি অলক্ষণে কথা, ওকথা কি বল্‌তে আছে। (অনুচ্চস্বরে) তুমি এক কাজ কব দেখি, তা হলেই সব হবে।

উদ। কি কাজ?

গিন্নী। ওকে একটু বুঝয়ে বল দেখি, তুমি বল্লে শুন্‌বে এখন।

উদ। কি বল্‌বো?

গিন্নী। এই যাতে জামাইযেব পিব্‌তি ওব একটু মন হয়।

উদ। (নিরুত্তর।)

গিন্নী। আব আজ ওকে প্রকাশ বাবুব বাডী যেতে বারণ কব। তোমাতে জামাইতে গিয়ে খেয়ে এসো।

কামি। (অন্তরাল হইতে) তাই হবে এখন।

উদ। (কয়েকটী বোতলেব প্রতি নিবীক্ষণ কবিযা স্বগত) আর খাবনা, আবাব ওখানে আছে (প্রকাশ্যে)

অ;ঃ ঐ কথাব আন্দোলনে কাণ ঝালা পালা কবেছে। এক দণ্ড বাড়িতে তিষ্ঠিবাব যো নাই।

[উদয় বাবুর প্রস্থান।

গিন্নী। দেখো যেন পড়োনা।

(কামিনীর প্রবেশ।)

কামি। আমিও এই ব্যালা যাই।

গিন্নী। ঐ উনি বাবণ করে গেলেন, আব গিয়ে কাজ নেই।

কামি। তা হলে আমাকে ডেকে বলে যেতেন।

গিন্নী। লক্ষ্মী মা আমাব, আজ আর নেমন্তন্নে যেওনা।

কামি। হুঁ। তাও কি হয়ে থাকে, মোক্ষদা যাব আমাকে কত কবে বলে গিয়েচে।

গিন্নী। তা জামাই এসেচে বলে কাটিযে দিয়ো না হয়।

কামি। ইস' তোমাব জামাই এসেচে বলে প্রায় সূর্য্য পানে চেয়ে আছি।

গিন্নী। আহা! ভাল মানষেব ছেলে এই ক দিন থেকে এসে বসে রযেচে।

কামি। কে আস্তে বলে ছিল'

গিন্নী। কেউ যেন বলেইনি——

কামি। তা এসেচে দুবেলা ভাত খেতে পাচ্চে, আব কি।

কেব। (স্বগত) ইসব শ্বশুব বেটাব শিখানা বোধ হচ্যা।

গিন্নী। ভাল যাহোক ভবিতব্যিব কন্ম হযে গেচে, এখন আব কি ধুযে পুছে ফেল্লে চলে ?।

কামি। কে বল্লে হয়ে গেচে, আমিত কিছুই জানি না।

গিন্নী। না থাকাব চেয়ে থাকা ভাল।

কামি। ভাল বোধ হয় জামাতাব বিবাহ দিয়ে ঘব কন্না কব। (দাসীব প্রতি) দাই, পাল্‌কি বোলা দেও।

যাহা কবিযাছি পণ, তাহা কবিযাছি পণ।
নাহয লঙ্ঘন তাহা থাকিতে জীবন॥

গিন্নী। (জনান্তিকে দাসী প্রতি) যাস্‌নে। (প্রকাশে) ছি চাঁদ, অমন কথাও মুখে আন্তে কি আছে, তুমি আমাব সর্ব্বস্ব ধন, তোমাকে নিয়েই ভাবতে বাস, তোমাব আদরেই জামাইয়েব আদব, নৈলে কিসেব জামাই। এই যে আমি এত বলি কই কিসেব জন্যে ? কি না তোমাব পাঁচটী ছেলে পিলে হবে, তাদের নিয়ে আমরা সংসারী হবো।

কামি। আমাব প্রতিজ্ঞা আছে।

গিন্নী। কিশেব এট্টা পির্‌তিজ্ঞে ? তুমিতো মা আমাব অবুঝ নও লিখ্‌তে পড়্‌তে শিখেচ, জ্ঞান হয়েছে,

ও সব মতি ছেড়ে দ্যাও, আমার কথা শোনো, গুরুজনের কথায় অবহেলা কর্‌তে নেই।

কামি। মা, তুমি মনে কর তোমার কামিনী মরে গেচে।

গিন্নী। আবাই বালাই যেটের বাছা ষষ্ঠীর দাস, কথার ছিরি দেখেচ? (চুম্বন।) (ঈষৎকোপ) বলি কামিনি, হ্যাঁলা, এই কি তোর লেখা পড়া শেখার ফল, এত যে শিখ্‌লি, সব কি ভস্মে গ্যালো, আজো কেমন করে কথা কইতে হয় তা জান্‌লিনি, ছি!

কের। (স্বগত) ভূতে পাইচ্যা গো ভূতে পাইচ্যা।

কামি।-ধ-রাধামে মম সম অভাগিনী নারী।

হে-রে-নাই হেরিবেনা, বলিবারে পারি॥
করি-রে-কালেতে বিভু দুঃখ বিমোচন।
মনসা-ধে-পতিপাশে করিব গমন॥
জলাঞ্জলি-প্রী-ন নেত্তে ত্যজি সেই আশা।
এবে সেই প-তি-প্রেম মরণ ভরসা॥
কেন গো জননি -আ-র কর সে যতন।
মরুভূমে কেন ক-র-সরসী খনন॥
সধবা বিধবা দশা-ঘ-টিল আমায়।
সাগর সলিলে যথা ভা-সে-পিপাসায়॥
এ দুঃখ রহিল মম মর-মে-মরমে।
আমি ছাড়া সবে যেন মীনধ্ব-জে-নমে॥
তুমি কি শুনোনি মাতঃ কথা অপ-রু-প।
ধরে বেঁধে প্রীত আর ঘষে মেজে রু-প-॥

গিন্নী। সুবোধ অবোধ হলে প্রবোধ না মানে।
জ্ঞানিজনে আছে সদা মত্ত সুরাপানে॥
রাজ-অপরাধ কোথা হইবে বিচার।
ছলনা নিদ্রিতে জাগরিত করা ভার॥

ভাল বাছা! জামাই ভাল কি মন্দ, তা জানলে কেমন করে? আজ পর্য্যন্ত তার সঙ্গে চার চক্ষে দেখাও হয়নি, কথাও কওনি, তেতো মেটো জান্তে হলে একবার চেকে দেখ্‌তে হয়। তাই কেন এক দিন ওমনি মিচি মিচি আলাপ করে দেখনা। (স্বগত) যদি দেখে শুনেও মন ফেরে।

কামি। মা, বিষপান করে মনুষ্য মরে, তা আর পরীক্ষা করে, কে কোথায় দেখে থাকে?

গিন্নী। তুমি বাছা বড় অবুঝ মেয়ে। (স্বগত) এই সময় কর্ত্তাও বাড়ীতে নেই, জামাইকে একবার চুপি চুপি ডেকে এনে দুজনকে এই ঘরে একত্রে রেখে দরজা বন্ধ করে দি, দিয়ে দেখি কি করে। আগুনে ঘিয়ে একত্তর হলে ঘি গলে গিয়েই থাকে। তা বলা যায় না। ও যে জীদ্দি মেয়ে।

সে কি পান করে ভুলে, সে কি পান করে ভুলে!
জলেতে পড়ি চাতক থাকে মুখ তুলে॥

[গৃহিণীর প্রস্থান।

কামি। (স্বগত) আঃ! আজকের মত রক্ষা পাওয়া গ্যালো বোধ হচ্চে। ওটা এখান থেকে বিদেয় হলে

বাঁচি, যাই রাত্রি হলো। যদি ওটা আবার সেখানেও যায় তা হলে মহা বিপদ দেখ্‌চি। দুর হোগ্‌গে, না হয় আজ আর যাবোই না। আবার তাও ভাবি মোক্ষদা অনেক করে বলে গেছে। (চিন্তা।)

(কেবলরামের প্রবেশ।)

কেব। (দ্বারদেশে দণ্ডায়মান হইয়া স্বগত) শাশুড়ী ঠাক্‌রণ ত দাইকে দিয়ে অনেক কথাই বল্যান, ইখন কি হয় বলা যায় না। দেখা যাক, তাঁর কোপাল আর আমার হাতের বশ। যদি রসিকতা শুনো কান দিয়ে শোনে, আর সুদৃষ্টিতে চিহারাটা দেখ্যা সি হলেঁ পাক্‌ মেরে এসে পড়তে হয়। হুঁ বাবা! রসিকতা যা জানি সমস্ত রাত্রি বল্যাও ফুরায় না, দাসুরায়ের পাঁচালীর প্রায় সুমস্থই কন্টস্থ, বিদ্যাসুন্দরও প্রায় আদাআদি। শাশুড়ী আবার বল্যাচেন "আজকেই বাচা বোঝাপড়া" আর ইখন উর মনের ভাব পাওয়া গিচে। প্রথম যেযেই খুব গুলোক গান ছড়া ফড়া বল্যা আসরটা গরম করে লিয়ে তার পোরে বসে বয়ে দুই একটী মস্করা আর মিদ্র হাসী। বস্‌। একটা মেয়ে মানুষকে হাত করা একটা কর্ম্ম? হুঁ (প্রবোধন) কিচ্ছু চিন্তে নেই হযে যাব্যাক। (সখেদে)

বলে ধরে চাঁদ বাহু আসি।
যে দিনেতে পূর্ণ শশী॥

(মুখে বস্ত্রাবরণ) আজ না কি মিলন হব্যাক্‌ তা জ্রবুদ্ধি

হযে গঁপ শাটতে বসেছিলাম। যাওযা যাক্ দুর্গা বলে। (অগ্রসব এবং কবাট কদ্ধ।)

কামি। (স্বগত) এ ষড্‌যন্ত্র মা কবেছেন ' কি বিপদ। এখন কবি কি ? (সক্রোধে উচ্চবাব) মা, এ তোমাব কি কপ ব্যবহার ?

কেব। (স্বগত) কি আপদ ' ঘবেব ভিতবি যে আব ছডা একটাও মনে পডে না। আচ্ছা বিদ্যেসুন্দবি আগে হোক্।

আমি যে হই সে হই

এ-এ-উঁ উঁ বিচাবে জিনেছি বিদা ছাডিবাব লই।
(স্বগত) হলো না, কাছে বসা আলাপ কবি।

কামি। আ মবি ' দেখ খববদাব আমাব কাছে এসোনা '

কেব। (স্বগত) ইজ্জে আমাকে ঠাট্টা কবিচ্যা, তবে আব কি। (প্রকাশে) ছি ভাই, আমি তোমাকে ইত ভালবাঁসি আব তুমি আমাকে কিছুই ভাল বাস নাই। তোমাব জন্য মবে আছি বল্লেই হয় বাবা। (অগ্রসব।)

কামি। (স্বগত) মলেও বাঁচি, এমন দিন কি হবে যে বিধবা হবো। (প্রকাশে) নেও তোমাব অসিকতা নিযে প্রস্থান কব, এখনো বল্‌ছি আমাব কাছে এসোনা।

কেব। কেন পেবাণ, আমিত আব ব্রাঘ্য লই। (খট্টোপবি উপবেশন।)

কামি। আজ তোমার শুভদিন নয় দেখ্‌চি। (গাত্রোথান।)

কের। (কামিনীর হস্ত ধরিয়া আকর্ষণ করিতে করিতে) কোথা যাও পেরাণ, শোন।

" সুন্দরীর করে ধরি।
সুন্দর বিনয় করি॥"

কামি। (স্বগত) কিছু শিক্ষা দিতে হলো। (বজ্র মুষ্টিতে কেবলের কেশাকর্ষণ করিয়া প্রকাশে) কেশে আকর্ষণ করি। (কপোল দেশে দন্তাঘাত।)

(গীত।)

কের। প্রেম করা নয় মানুষ মারা কে তোমায় শি,——(আর্ত্তনাদ) বাবা গো, বাবা গো, বাবা গো, গেচি গো, গেচি গো, মেল্যাক গো, মেল্যাক গো। উঃ।

(দ্বার মুক্তকরিয়া দ্রুতবেগে গিন্নীর আগমন।)

গিন্নী। ও পোড়ার মুখি, ও সর্ব্বনাশি, আহা বাছাকে মেরে ফেল্লি যে দেখ্‌চি, ছেড়ে দে আবাগী' ছাড্‌ ছাড়্‌।

কের। ও—ও—ও—ও

গিন্নী। আঃ, ভাল ঝকমারি করে জামাইকে ডেকে এনেচি গা। ওমা এমন মেয়ে-মানুষ ত কেউ কোথায় দেখেনি। (দাইয়ের প্রতি) দাই হারাম-জাদী, দাঁড়িয়ে কি দেখছিস, ছাড়া শীগ্‌গির করে। (কামিনীর প্রতি) কামিনী, ছেড়ে দে লো তোর পায়ে পড়ি। ওমা আমি

যাবো কোথা ' কামিনী, আমি ঝকমারি করিচি। কামিনী! আমার গুখুরী হয়েচে।

কামি। (কেবলকে পরিত্যাগ করিয়া) একবার কবে ' কেমন! নিয়ে এসো জামইকে ' কেমন হয়েচে ' (পরিধেয় বস্ত্র সংগ্রহ করিতে করিতে) আদোর করে এনে ঘরে ঢোকাও ' দরজা বন্ধ কর '

গিন্নী। ও কামিনী। কি করেছিস্ আবাগী ' ওমা দেখে যে গা শিউরে ওঠে, আহা বাছার গাল যে নেই বল্লেই হয়।

কেব। আঃ আঃ ওঃ (রক্ত দর্শন করিয়া) উহু হু বড় রক্ত পড়ছেঁ গো।

কামি। ডাতার হও এসে, হাত ধরে টানো, অসিকতা কর, মুখপোড়া বেশ হয়েচে, বেশ করেচি। দাই, হামকো প্রকাশ বাবু কানে পৌঁছা দেও।

গিন্নী। দাই যাস্‌নি, যাক্ দেখি একলা, কেমন করে ও বাঁড়ী যায়।

কাম। ও না গ্যালো ত বড বয়ে গ্যালো।

[প্রস্থান।

গিন্নী। আহা মরে যাই, বাছা রে ' সর্কাল আমার দোষ। কেনইবা মত্তে ডেকে আন্‌লুম, আহা আহা চুঃ চুঃ চুঃ। (দাইয়ের প্রতি) দাই, প্রদীপ আনত দেখি। (কেবলের প্রতি) কেঁদোনা কেঁদোনা, দেখি (বিশেষ পর্য্যবেক্ষণ করিয়া) ইঃ, একেবারে যে ডোবর হয়ে গেচে! আবাগীর

দাঁত তো নয়, যেন ক্ষুর গো। (গোঁপের প্রতি দৃষ্টিপাত করিয়া) ওমা আমি কোথায় যাব। আহা! বাছার গোঁপ গুলো পর্য্যন্ত খাম্‌চে ছিঁড়ে নিয়েচে গা! (দাইয়ের প্রতি) দাই, দেখ্‌তো কোথা গ্যালো (নয়নেঙ্গিৎ।)

দাই। আছে না?

গিন্নী। না ছাড়ালে দেখ্‌ছি বাছাকে মেরেই ফেল্‌ত, ভাগ্যে এসে পড়লুম তাই রক্ষে। আঃ! এমন মেয়েকেও গর্ব্ভে ধরে ছিলুম, বিধেতা আমার অদেষ্টে এতো দুঃখও লিখেছেন যে চিরকালটা হাড়ে নাড়ে পুড়্‌তে হোলো। আঃ! আর সয়না, এমনি ইচ্ছে হয় গঙ্গায় ঝাপ্ দিই গিয়ে, কি বিষ খেয়ে মরি।

দাই। ও নণ্‌কী তো বড়ি রের চল গেলেই।

গিন্নী। যাগ্‌গে আর পারিনা, তুই একটু জল নিয়ে আয়। (জল আনয়ন।)

গিন্নী। এস জল দিয়ে ধুইয়ে দি, তবু এট্টু ভাল হবে এখন। (জল সেচন।)

কের। উঃ! বড় জ্বালা করে। (গাত্রোত্থান করিয়া) আমি একটুকু বাঁতাসে যাই। (ক্ষত স্থানে কোঁচা আচ্ছাদন।)

গিন্নী। কেন যাবে এখন? এখন আর কোথাও গিয়ে কাজ নাই, এট্টু পরে একেবারে প্রকাশ বাবুর বাড়ী নেমন্তন্নে যেযো।

কের। নাঃ, ই হ্যাতাকেই বেড়াই। (স্বগত) বাবা আর মাগেতে কাজ নেই আর বিষয়ে কাজ নেই, শেষে কি পেরাণ

টা খোষাবো। কাবেও পোষানি দিয়ে আস্তে আস্তে পেরাণ লিয়ে বাড়ি পালাই।

[প্রস্থান।

গিন্নী। দাই, দেখ্‌তো কোথা যায়।

দাই। বাবুত্তো গোপাল বাবু কানে যাইছ তুন্।

গিন্নী। (স্বগত) দেখ্‌চি ঐ খানে গিয়ে এই সব বলে দেবে এখন। আঃ মরণটা হয় ত বাঁচি।

[সকলের প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

প্রকাশ বাবুর অন্তঃপুর।

(সারদা, মোক্ষদা, ও উম্নো, ঝুম্নো, সহচরীদ্বয় আসীনা।)

সার। যাই বোন আবার রাত হলো, গল্পে গল্পে অনেকক্ষণ বসে আছি। (গাত্রোত্থান।)

উম্নো। (স্বগত) আপদ গ্যালো।

মোক্ষ। ওমা। সে কি কথা, আজ তোমায় এখানে নিমন্ত্রণ করেচি, খাবে, এরি মধ্যে যাই কি ভাই ?

সার। হ্যাঁ মোক্ষদা! খেলেই কি নিমন্ত্রণ রক্ষা হয়, আর না খেলে হয় না, আজ থাক, তখন অন্য দিন এসে খাবো, খাওয়া কোন্ ফুরিয়ে গ্যালো।

ঝুম্নো। (স্বগত) এ মাগীও যেমন শেকড় নামিয়ে বসেচে আর আমাদের ইনি তেমনি ন্যাকড়ার আগুন হয়েচেন ; যাচ্ছিলো আবার দাঁড় করালে। (প্রকাশে) রাত্রি এখনো বেসি হয়নি, বসোনা এটু ততক্ষণ, এই দশটা বাজলো। তোমাকে দেখ্‌লে যেন আমরা সগ্‌গো হাত বাড়িয়ে পাই।

সার। উঃ! তবে ত অনেক রাত হয়েচে ?

মোক্ষ। অবাক্! বলিস্ কি ঝুম্নো? এরি মধ্যে দশটা, এখনো আটটাও বাজেনি!

ঝুম্নো। এই যে ঢং ঢং করে ম্যালা কি বেজে গ্যালো, আমি বলি দশটাই বাজলো।

উম্নো। (ঝুম্নোর প্রতি জনান্তিকে) নড়েনা।

সার। আমি ভাই তোমাকে সেই নিমন্ত্রণ করবার সময়েই বলেচি যে আজ আমি নই।

মোক্ষ। কেন হলেই বা, তোমাকে না হয় আগে খাইয়ে দিচ্চি।

সার। সে কি ভাল দেখায়?

মোক্ষ। তবে এট্টু বস্তে হবে।

সার। এই কথা, তা বস্তেচি, (উপবেশন।) কেমন মোক্ষদা যে পরামর্শ করা গেল সৎপরামর্শ নয়?

মোক্ষ। কি? সমাজের বিষয়?

সার। হ্যাঁ।

মোক্ষ। তার মতন লোক কৈ দেখ্তে পাই না।

উম্নো। সমাজ আবার সে কি রকম?

সার। সমাজ বলে কাকে, যাতে পাঁচ জনে একত্র হয়ে কোন বিষয়ের আলোচনা করে। এই আমরা দেখ সকলে প্রায় অনেক সময়েতেই একত্র হয়ে বসে কেবল অনর্থক কতকগুলো মিছে গল্প করে সময় নষ্ট করি, তার চেয়ে একটা দিন ঠিক করে অবকাশ মত সকলে এসে উপস্থিত হয়ে ধর্ম্ম বিষয় নিয়ে কথা বার্ত্তা কওয়া ভাল নয়?

ঝুম্নো। তা বেস তো, বিকেল ব্যালা সকলে এসে ভাতার ভাতার করে গাঙ্গানোর চেয়ে দুদণ্ড রামায়ণ মহাভারত পড়না কেন, আমরা সকলে শুনবো এখন।

সাব। (স্বগত) হায় আমার অদৃষ্ট! আমাদের দেশে এখন একরূপ স্ত্রীলোক যে কত আছে তার সংখ্যা নাই। (ঈষৎহাস্য।)

মোক্ষ। ঝুম্নো ত বেস বুঝেছে, সমাজ কারে বলে! (হাস্য) হিঃ হিঃ হিঃ।

সাব। দেখ ঝুম্নো! তোমাদের চেয়ে পূর্ব্বদেশের স্ত্রী লোকেরা অনেক অংশে সভ্য।

ঝুম্নো। পূর্ব্ব দেশের কারা, বাঙ্গালনীরে? ছাই! পোড়া কপাল আর কি! শুনেচি কারা নাকি সাহেবের সঙ্গে বসে খানা খেয়েচে, আবার নাকি মিসিউলীদের মত ঘাগরা পর্‌য়ে হয়েছিল, গলায় দড়ি!

সাব। আমরা যে রকম কাপড় পরে থাকি তার চেয়ে অনেক ভাল, আমাদের এতো কাপড় পরা নয়, মনকে প্রবোধ দেওয়া অথবা ক্ষেত্র তত্ত্বের বিন্দু কল্পনা।

মোক্ষ। কিম্বা আমাদের পোশাক আর কামিনীর ভাতার কল্পনা। (সকলের হাস্য।) কিন্তু বোন, বলতে কি, আমাদের দেশের মেয়েরা মরে গেলেও, তা বলে সাহেবদের আয়ার মত ঘাগরা পর্‌তে পারবে না।

সাব। কেন? তার আর কি? একে একে পর্‌লেই চলে যায়।

মোক্ষ। বল্লে হয় কি? আগে পরে কে? আমরা এক-খানা চাদর গায় দিয়েই লজ্জায় মরি, যেন বোধ হয় কেমন কেমন দাখাচ্ছে।

উম্মো। মিসি চাই-ই-ই।

ঝুম্মো। সারদাকে ঘাগরা পরলে বেশ মানায় ভাই।

উম্মো। আমাদের এঁকেও দিব্যি খোল্‌তা হয়।

মোক্ষ। সকলকার চেয়ে ঝুম্মোকে ভাল দেখায়। ঝম্মোর ঘাগরা তয়ের করে দেবো।

ঝুম্মো। আর এক খানা চাত্তরি আর পাত কত মিসি দিও।

সার। মোক্ষদা তখন বেশ একটী কথা বলেচে, আমাদের কাপড় আর কামিনীর ভাতার দুই সমান। কাল সন্ধ্যার সময় শুতে হবে বলে কামিনী আমাদের বাড়ী পালিয়ে এসেছিল তার পর উদয় বাবু এসে কত বুঝিয়ে তবে বাড়ীতে নিয়ে গেলেন, শেষে কি হয়েছিল শুনেছ? কামিনীর ভারী বড় দুঃখ।

মোক্ষ। ও শোনাই আছে হবে আর মাথা, যা বরাবর হয়ে থাকে তাই হয়েচে।

সার। কামিনী লেখা পড়া শিখে এমন পাগলামী করে কেন? যা হবার হয়ে গেচে, এখন আর চুপ করে থেকে কি হবে। ঘর পোড়ার কাট আদায় কত্তে পাবেনা।

ঝুম্নো। শোননি, বাবা বলেচে বিধবা বিবাহের মতে ফের বিয়ে দেবে, সেই ভরসায় অমন করে। ছেলে ব্যালায আমরা পোড়া কপাল পুড়িয়ে, মত থাক্‌তে, বিদ্যেসাগর উয্যুগী হযেও এক রত্তি ভাতার খুজে পাইনা। আর পোড়া বিধেতার বিচার দেখ, তেলা মাথায তেল দিতে বসে গ্যাল্লেন।

মোক্ষ। ঝুম্নো দুঃখ্ করিস্ কেনো লো? বে কর্‌না।

উম্নো। বলে

ঝরে গ্যালো পাপড়ি কুসুম হলো বোটা সার।
আদর করে আর ভ্রমরে আসবে কেন আর॥
গেল সেই বর্ষা ব্যালা।
বর্ষা ব্যালা সে চপলা আর কি খ্যালা করে।
তেম্‌নি বয়েস গুণে আড নয়নে চাউনি গেচে ঘুরে
ছার কপাল ভাল হলে।
ভাল হলে এত কালে চাপা থাকে বিধি।
দিতো বর বিদ্যাসাগর কানা মেঘা বিধি॥

মোক্ষ। কেন ঝুম্নোর এমনই কি বয়েস হয়েছে। কামিনীর স্বামী থাক্‌তে যদি বিধবা বিবাহের মত পেতে পারে আর আমাদের ঝুম্নো সত্যিকের বিধবা হয়ে বিধবা বিয়ের মত পাবে না? তার হক্কে এ কসুর ধর্ত্তব্যের মধ্যেই নয়। একটু তেল হলুদ গায পড়লেই আবার চেহারা ফিরে আস্‌বে, নির্ব্বাণ-উন্মুখ যৌবন-প্রদীপ উস্কে দিলেই যেমন তেমনি হবে।

সার। হাঁ। শুক্ল পক্ষ মেঘেতেই জানা যাচ্ছ না।

মোক্ষ। এমন আশ্চর্য্যের কথাও শুনিনি, ভাতার থাক্‌তে বিধবা বিবাহের মতে উদয় বাবু মেয়ের বিবাহ দেবেন, এ বিবাহ পাঁচে গালে। আবার ছানি বিবাহ হবে।

সার। ত নয়, উদয় বাবুর আর মেয়ে নেই ছেলে নেই, তাই একটী জামায়ে মনস্তুষ্টি হয় না। কামিনীরও কি তাতে মত আছে?

মোক্ষ। আছে বৈ কি, কামিনী যে একদিন বলেছিল "অল্প বয়স্কা স্বার্থ জ্ঞানশূন্যা কন্যার বিবাহ দেওয়া অত্যন্ত অন্যায়। আমার যখন বিবাহ হলো তখন মনে ভাবতাম ভাতার বুঝি খেলা ঘরের পুতুল, তার সঙ্গে যে চিরকালের সম্বন্ধ বদ্ধ হচ্চে তা জানতাম না।"

ঝুম্নো। ওমা, ওঁর বুঝি তখন অল্প বয়েস ছিল, না দশ বছরে বিয়ে হয়েছিল, সে ত একটা বুড়োমাগীর বয়েস বল্লেও হয়।

উম্নো। ওগো! এ বার স্বয়ম্বর হবে।

ঝুম্নো। ওলো উম্নো, এই বার বার দুবার, শেষে আর একবার দেখে ছেড়ে দেবে, এই তার ইচ্ছে, এতে বিয়ে হয় হলো, না হয় আর করবে না।

সার। (দীর্ঘ নিশ্বাস পরিত্যাগান্তর) হায়! আমার দুর্দ্দশা, কিছুতেই কিছু হয় না।

সৈ, মানসে সুখ রচনা, দুঃখের কারণ।
আশা, স্বপন সুখ দায়িনী, ফলেনা কখন॥

লোকে, ভাল হবে মনে করে, যত যত্ন করে।
নেবু, নিষ্পীড়িত করে শুধু, তিক্ত রস তরে॥
সখি, আঘাতিত জন যত, হয় সাবধান।
জানো, ততই লাগিবে তাহে, বধিতে পরাণ॥
বিধি, সকলি সুখের করে, দিয়েছে কোথায়।
দেখ, গ্রীষ্মের অনিল সেব্য পূরিত মশায়॥
কত, কূপ খনি মরে লোকে জল জল করে।
দেখ, কল শব্দ হয় কোথা পর্ব্বত নির্ঝরে॥

কামিনীর অল্প বয়সে বিয়ে হয়েছে বলে সকল সময়ে আক্ষেপ করে থাকে, সে মনে করে নিজে দেখে শুনে বিবাহ কর্‌লেই বুঝি ভাল স্বামী হয়, উনুনের পাঁশ হয়, তা হলে আমাদের আর ভাব্‌না থাক্‌ত না। আমার বাপ এই জন্যে আমার বিবাহ বার বৎসর বয়সে দিয়েছিলেন।

উন্মো। (জনান্তিকে ঝুম্মোর প্রতি) ইনিও ঐ।

সার। অদৃষ্টক্রমে অমৃতও বিষ হ'য়ে যায়। প্রথম আলাপেই যদি মানুষের স্বভাবের সকল ভাগ দেখা যেতো তা হলে সহজেই চেনা যেতো। কালেতে মনুষ্যকে যে কত রকম সাজ পরায় তা ভেবে কিছু স্থির করা যায় না। এই ব্রাহ্ম, এই ধার্ম্মিক, আবার এই ইয়ার, এই মাতাল, শেষে যা নয় তাই। মিহির বাবুর আগেকার চরিত্রের সঙ্গে এখন মিলিয়ে দেখ্‌লে স্বর্গ আর নরক কারে বলে বেশ বোঝা যায়।

উম্নো। (ঝুম্নোর কর্ণে) আমি বলি বুঝি সাবদা টেব পাযনি, এই যে।—

ঝুম্নো। (অনুচ্চস্বরে) কি?

উম্নো। মিহির বাবুর কীর্ত্তি।

মোক্ষ। কি লা তোরা দুজ'নে স্থুরু বুরু কচ্চিস্।

ঝুম্নো। এই মতিচুর কার পাযে গড়িযে পড়েছে।

মোক্ষ। (সাবদার প্রতি নিরীক্ষণ করিযা ঈষৎহাস্য) কার পাযে লা ঝুম্নে ?

ঝুম্নো। বলতে তো পারি না।

সার। বোঁপিলে বিচি, খাইলে মাছি,

কভু কি চুপে থাকে।

মিছা কথা সাজ, আর পাপ কাজ

ঘোষে ঘন ঘন ডাকে॥

ছুড়িলে ঢেলা, থাকে ক বেলা

আকাশ বাতাস ধরে।

কাটা গেলে মাথা, প্রাণ বায়ু তথা

থাকে কতক্ষণ তবে॥

বুঝলে মোক্ষদা। এত পাপ কর্ম্মের স্বভাব সকলেই জানে যে, লুকিযে থাকবার নয়।

মোক্ষদে।

না, জেনে সেবি গরলে দেহ কি সৈ দহে না।

না, হৃদয়ে বিঁধিলে শেল কিছু জানা যায় না॥

না, মাথায় পড়িলে বাজ অনুভূত হবে না।
না, লুকায়ে চুম্বক কোথা লৌহ টের পাবে না॥
না, গোপনে খাইলে মাচ সূত্রে টান পড়ে না।
না, পতির কপট প্রেম সতী বুঝে উঠে না॥

তোমরা হাসো কি, ও বিষয় আমি অনেক দিন জান্তে পেরেছি, আর এখনিও বল্‌ছি যে অদৃষ্টের দোষ।

মোক্ষ। অমন মতিচ্ছন্নের মুখে ছাই। মিহির বাবুর কি প্রবৃত্তি। বল্‌তে কি, সারদার কড়ে আঙ্গুলের রূপ তার গায়ে নাই। কেমন উম্নো?

উম্নো। নেই-ইত।

ঝুম্নো। ঐ রূপে আবার বাবার মতন, (ম-অর) দাদার মত ভাতার চায় কালা মুখে ছাই দিতে ইচ্ছে হয়।

মোক্ষ। আমাদের এখানকার মধ্যে সারদা সকলকার চেয়ে সুন্দরী মেয়ে।

সার। আর ঠাট্টায় কাজ নেই।

ঝুম্নো। খালি রূপে নয়।

উম্নো। কামিনীও নাকি বেস লিখ্‌তে পড়্‌তে জানে।

ঝুম্নো। (উম্নোর প্রতি) আ মরণ, নাম না করে বুঝি বাঁচো না (অঙ্গুলী পীড়ন) জানে সে দুটো একটা কিন্তু ঠসক আছে।

মোক্ষ। পুরুষের দোষ কি ভাই, মেয়ে মানুষেই পুরুষকে খারাপ করে।—

দেখ তারাগণে, যামিনী গগনে,
রত বিধুসনে, কেলি সুরসে।
তথা কুমুদিনী, কুবতি কামিনী,
কেনগো অমনি ফুটিয়া বসে॥
ভ্রমর কখন, করেনা গমন,
কণ্টকেরি বন, কেতকী ঘরে।
দূতী পরিমল, হইয়া সচল,
যদি না বিকল, তাহায় করে॥
হয়ে কুলনারী, উঁকি ঝুঁকি মারি,
আধ চক্ষে ঠারি বিলাসে যারা।
পুরুষেরে দোষী, সেই পাপীয়সী,
নয়নেতে শোষি করে গো সারা॥

ঐ ভাবি নচ পচে, মিহির বাবুর দোষ কি, তাই। এই জন্যে ওঁকে সকল পুরুষে নিন্দে করে।

বামো। নিন্দে করে, না কয় কথায়।

সার। সে তেমনি পুরুষে।

মোক্ষ। আমাদের উনি বলেন “বলে আমরা কি সহজে কারো দিকে উচ্ নজরে চাই, তবে যারা নিতান্ত গায়ে পড়া, তাদেরি কাছে য়্যাডাতে পারি না।”

সার। তবু তাঁরে অনেক ভাল বল্‌তে হয়। (স্বগত) তবে ত বড় সাধু, জুড়ি মেলা ভার। লক্ষ্মণ বল্লেও হয়।

উন্মো। বেবালে আগল্লে বাখা দাও।'

দুধেব বাটি খেতে খেতে, নাচেব পানে চায়।

টেপাখিব যেমন ধাবা

শিকলি পবা, বাটিপোব, খায় চিব দিন।

ছাড়াপেলে, সকল ফেলে যায় সে কি কঠিন॥

ভাল জল নাচে ভাল লাগে।

তবু ঘোলা জলে, যাবে বলে, বেড়ায় তাগে তাগে॥

ছি ছি ছি এই কি বীতি।

তৈাব যুবতী, ঘবে সতী, হা হা কবে মবে।

কত্তা যিনি, দিন যামিনী, ফেবে দোবে দোরে॥

মাগিবে কত যাদু জানে।

মুখেব গেবাস কেড়ে নিলে আপ্‌শোসে বাচি'নে॥

গুণ কবে গো গুণ কাব, এই নষ্ট মেয়ে মানুষে অনেক গুণ গান জানে। (স্বগত) এ মাগীব আব ভাতাব ভাতাব ফুবোয না।

সাব। উন্মোকে এতোও আসে। (উন্মোব প্রতি) এতো শিখলি কোথায় উন্মো ?

মোক্ষ। যা গুণ জ ধনুকেব গুণেব, কেমন সাবদা ?

ঝুম্নো। আব "নযন অক্ষয তূণ" (নযন ভঙ্গি) এই এমন।

মোক্ষ। (ঝুম্নোকে ধাক্কা মাবিয়া) দূড মড়া। (হাস্য) হিঃ হিঃ হিঃ (সকলে হাস্য)।

ঝুম্নো। ওগো সাবদা, আব তোমাব ভাবনা নেই,

দুঃখ ঘোচে এই, ওদিকে পেট্ ভার হয়ে এসেছে।

উন্মো। কি খেয়েলা দিদি?

ঝুম্মো। ওলো বস খেয়ে লো, বস খেয়ে।

সাব। পিণ্ডিব বিলিটে হয়ে বইল, শুনে বড় সন্তুষ্ট হলেম।

উন্মো। কাব লা দিদি, কাব?

মোক্ষ। ঝুম্মো যে খবব দিলে আমবা হলে কিছু বক্সিস্ কোবে ফেলি।

সাব। তুমি যা ভেবে বল্‌চো আমি তা মনেও কবিনি, জানি লোকে পেট ভব্‌লে আব খেতে চাবে না। আমাব গাচ্‌টা বজায় থাক্‌লেই হলো।

মোক্ষ। হ্যাঁ তুমি একেবাবে জিবেন কেটো।

সাব। দূব ভাই, বস্‌তে দিলিনি (গাত্রোত্থান)।

উন্মো। দিদি কাব বল্লিনি?

ঝুম্মো। মব ঐ যাব কথা হচ্চে, তুই আবাব জালালি।

উন্মো। এবাব বুঝিচি।

মোক্ষ। আঃ বসোনা একটু।

সাব। না ভাই যাই, আব বস্‌বো না যাই, ইঃ অনেক বাত হয়ে গেচে"

মোক্ষ। তবে এসো—আবাব কাল এমনি সময় এসো।

সাব। দূব হগ্‌গে আব আসবোনা, এসে কেবল ঐ পাপ কথার আন্দোলন কবা বইত নয়।

মোক্ষ। না না আরো অনেক কথা আছে! আর সমাজের বিষয়ও হবে।

সার। আচ্ছা আসবো। (সকলের উত্থান।)

মোক্ষ। দাই বেয়ারা লোক্‌কো কহে দেও পালকী লেকে আওয়ে।

[সারদার প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

প্রকাশ বাবুর শয়নাগার।

(মোক্ষদার প্রবেশ।)

মোক্ষ। ও উম্নো! কৈ মেজের উপর একখানা চাদর পেতে দিস্‌নি?

(উম্নোর আগমন।)

উম্নো। এই যে দিই, এখনোতো কিছুই করা হয়নি, মেজেতে চাদর পাতবো, কেদারা পাশে দেবে, আবার নীচেতে আর একটা বিচেনা পাততে হবে, এই সব করি।

মোক্ষ। আর দেখ, আজকে যা যা এসেচে তার খালি দুটো স্যাম্পিন মেজের উপর রাখ, আর সব এখন অম্‌নি থাক।

উম্নো। আচ্ছা (মেজে বস্ত্রাচ্ছাদন করিতে করিতে) হাঁগা এ মাগি কি বাবু, বস্‌তে পেলে আর উঠ্‌তে চায়না, বসে অব্দি সেই পর্য্যন্ত কেবল ভাতারেরি কথা, ভাতারেরি কথা, যেন আর কারো ভাতার নেই, না কিছু করে না, পুরুষ মানুষ কত যায়গায় কত কি করে, তা বলে এখন ঐ কথা নিয়েই কি থাক্‌বো!

না অমন করে গাবিয়ে ব্যাড়াবো ? এই জন্যে অনেক পুরুষেব মন খাবাপ হয়ে যায়, আব মলেও মাগের পানে ফিবে চায় না। পুরুষেব স্বভাবি ঐ, তাতে দম ফেটে মলে কি হবে ? আমি এই যে হয়ে অব্দি সাজ্জম্মে একবাব দেখ্‌তে পেলুম না, কৈ আমি ত অত মেকুনি পেড়ে বেড়াই না।

মোক্ষ। পাডতে কি না অমন তব কাছে থাক্‌লে জান্তে পাবা যেতো। চক্ষেব উপব ও পোড়ানি কি কাবো সয় ?

ছলনা হইলে পতি প্রণয়,
ললনা হৃদয় দহন হয়॥
ভাল খেয়ে নানা পবো ভূষণ,
ধনী হও লয়ে অমূল্য ধন॥
যশ গায় যার দেশে দেশে,
সকলে যাহায ভাল বাসে॥
না পেয়ে বমণী পতি ভালবাসা,
জীবনেব কেন ত্যজয়ে আশা॥
বমণী পুরুষ দেহ ভূষণ,
নায়ক নাবীব পবম ধন॥

উম্মো লো আপনার জিনিসের জন্যে কে না অমন তব কবে থাকে বল্ দেখি ? মেয়ে মানুষদের এসংসারে স্বামী ভিন্ন আপনার আর কে আছে।

উম্মো। যদি বেজার না হও তো বলি।

মোক্ষ। বল্‌না কি?

উম্নো। তবে নিজেব।

মোক্ষ। নিজের যেন রোজ বোজ দেখে দেখে এক বকম সয়ে গেছে, আব ছেলে ব্যালাব মত তেমন অভিমান কোরে থাক্‌তে পাবি না, হেঁসে ফেলি।

উম্নো। তাই বল যে বলে বলে না পেবে এখন হাব মেনেচো। তোমা বলে নয় সকলেবি ঐ দশা। কিন্তু বল্‌তে কি, সাবদাব অত পবচে আমাকে ভাল লাগে না।

মোক্ষ। তবে আমাদের ওঁব এই একটী গুন আছে যে একেবাবে কাবো ওপোবে আসক্ত হযে পডেন না।

উম্নো। হাঁ বাবু, বাবুব ঐটী বড গুণ।

(ঝুম্নোর আগমন।)

ঝুম্নো। কি লা উম্নো, কি?

উম্নো। বলি এই আমাদেব বাবুব কথা হচ্চে, বাবু আমাদেব এদিকে ওদিকে যান বটে, কিন্তু একেবাবে বাডী ঘব দোর ছেডে দিয়ে যে ঐ ধ্যান ঐ জ্ঞান সেটা নেই, তাই বল্‌চি, বলি বাবুব এই একটী মহৎ গুণ আছে বল্‌তে হয়।

ঝুম্নো। ওলো উম্নো এই লোকে, সাজ্জন্মো তপিস্যে করে বেলগাচ ন্যাড়া কবে মলেও আমাদের বাবুর মতন ভাতার পাবে না। বাবুব শবীরে কোন দোষ নেই। পুরুষ মানুষ হলেই এদিকে ওদিকে গিয়ে থাকে। যে পুরুষ মাগের কাছে দিবে নির্শি কুনো হয়ে বসে থাকে

তাকে তো গোঁপ কামিয়ে দলে মিশিয়ে নিই; সে তো মেযেবি মধ্যে। তাকে দেখে লজ্জা কত্তে লজ্জা করে।

উন্মে।। কেমন দিদি আমাদেব বাবু সাবদাব ভাতাবেব চেয়ে ঢেব ভাল নয়?

ঝুম্মো। বলে কিসে আব কিসে, মিহিব বাবুব সঙ্গে আমাদেব ওঁব তুলনা। সাতজন্ম থুব্ড়ো হয়ে বসে থাকি সেও ভাল, তবু যেন অমন ভাতাব না হয়, খালি দেখ্‌তেই, সিমুল ফুল, ঘবে সোমত্ত মাগ ফেলে কি কাবিখানাটা কবে ব্যাড়াচ্চে দেখ্‌চিস্। কিন্তু আবার তাও বলি মেগেব গুণ থাকিলে ভাতাব খাবাপ হয় না।

উন্মো। হ্যাঁলো হ্যাঁ। (আজ্কে আস্‌বে) আমিও ঐ বলছিলুম। তা নৈলে কি অম্‌নি হয়?

মোক্ষ। মিহিব আগে কিন্তু বেস্ ছিল, কে জানে আজ্ কাল কেন অমন মতি হলো।

ঝুম্মো। (স্বগত) কিবা ছাই খোষামদ কত্তে জানি, এম্‌নি সগো তুলে দিয়েছি, যে উনি আপ্‌নি কে, ভেবেই পাচ্চেন না। মরণ আব কি, (প্রকাশে) ওবা যেমন দেবা তেম্‌নি দেবী মিলেছে।

উন্মো। আমরা হলে কেমন কবে বশ কত্তে হয়, দেখিয়ে দিই। সাবদা অনেক পড়েছে, আমার কাছে এসে আবো কিছু শিখে যাক্।

মোক্ষ। তুই আর বড়াই কবিস্ নে, সে খায় ভাঁড়ে

জল, তুই খাস্ ঘাটে। তোর আপ্‌নার তারে বশে রাখিস্‌নি কেন ?

উম্নো। সময়ে দেখা হলে বোঝা যেতো। বিয়েব পরে আব একটী বারও ত দেখা হয় নি। আমাদের কুলীনের মেগেব দশাই এই, আমাদের পিবভু শিববাত্রেব বামন। পিবভূ জোবে আস্‌বেন মনে কবে, সকল ঘাটে ভিড়িয়ে আস্‌বেন। আস্তে আস্তে ওদিকেও জোব ফুরুবে এদিকেও ভাটা পড়্‌বে।

ঝুম্নো। এত দিনে জোব কোন্ কালে ফুবিয়েছে। যখন তোব বে হয় তখনি যেন থম্‌থমে মেরে ছিল।

মোক্ষ। এখানে ভাঁটা পড়্‌বার এখনো অনেক দেবি।

উম্নো। (গীত।)

বাগিণী ইমন—তাল একতালা।

মনোসাধ মনে রহিল মোর রে।
বন ফুল তরু, শোভিল সুচারু,
কে দেখিল যতনে।
করিনু রোদন, মিছে অকারণ,
ভাসায়ে রে নয়নে।
না পূরিল আশা, একি পোড়া দশা,
মরণ রে জীবনে।

মোক্ষ। বাঃ বেস্ ত গাইলি।

(কামিনীর আগমন।)

কামি। (অন্তরালে দণ্ডায়মানা মনে মনে) উঃ আজ কি বিপদেই পড়েছিলাম, এতক্ষণ যেন অন্ধকার রাত্রেতে পথের মধ্যে মাথার উপর শিলেবৃষ্টি হতেছিল, এখন যেন আশ্রয় পেয়ে বাঁচলেম। এতক্ষণে জলমগ্ন নৌকার ভিতর থেকে নির্গত হলেম। কি অশুভক্ষণে আমার আজ রাত্রি প্রভাত হয়েছিল!

আজ যে এখান পর্য্যন্ত এসে উপস্থিত হবো এমন আমার মনেও ছিল না। আবার রাগের মাথায় পাল্কীতে না এসে কি কুকর্ম্মই করেছি, কত লোকেরই সমুখে পড়ে গেলেম, তার্ ঠিকানা নেই, কেউ বলে বাই যাচ্চে, কেউ বলে বাঙ্গালী মেয়ে মানুষ, এরা কি কদর্য্য চরিত্রের লোক! এখানে এলাম আমোদ করবার জন্যে, কিন্তু আজকের এ আমোদ সুখের হল না। কর্ম্মটা করে অবধি মন সুস্থির হচ্চে না। কেনইবা এমন কাজ কর্লুম? সে সময় বড় রাগ হয়েছিল। ইটা কেবল মা হতেই হয়েছে, তিনি আবার ঐ ভাতারকে সোহাগ করে গচাতে এসেছেন, এই জন্যে মাকে যে কতবার বলেচি, তার সংখ্যা নাই, যে মা! প্রবাহিনী পুষ্করিণীতে গিয়ে তৃপ্তিলাভ করে না। আম্র মুকুল প্রস্ফুটিত কর্তে হলে মলয়ানিল চাই, এ আর এপর্য্যন্ত কোন মতেই বুঝ্লেন না। না জানি লোকে

শুনে কি বল্‌বে? কাকেও আব মুখ দেখাতে ইচ্ছে হচ্চে না। এমনি কষ্ট মনে হচ্চে যে, কোন মতে প্রাণটাকে বাব কবে ফেলি। মা কি একথা আর কাবো সাক্ষাতে বল্‌বে? না, তা বলবেনা বোধ হয়। বাবা শুনে কি বলেন বলা যায় না, তিনিও কিছু বল্‌বেন না, তা আমি বেশ জানি, কেননা এক বকম তাঁব মনেব মতনি কাজ কবেছি বল্লে হয়। ও পোড়াবমুখো দেখ্‌চি চাবি দিকে বলে ব্যাড়াবে। বয়ে গ্যালো। সাবদাকে আব মবে গেলেও মুখ দেখাবো না, মোক্ষদার কাছে আজ যা এসেছি আব আস্‌বোনা। একথা এক্ষণি কিছু আব ও শুনতে পায়নি, এবি মধ্যে আব ওকে কে বল্‌তে আস্‌বে? (দীর্ঘ নিশ্বাস) আমাব মত মন্দ কাপাল এ পৃথিবীতে আব কাবো নেই। হে বিধাতঃ আব ক্রমে ক্রমে কত দুঃখ দেবে' যা কিছু তোমাব মনে আছে একেবাবে কব, আব পুনঃ পুনঃ যাতনা আমাব সহ্য হয় না। জন্মে অবধি এপর্য্যন্ত স্বামী কাবে বলে, জান্তে পাব্‌লেমনা, তা না জান্‌লেম নেই নেই, লোকে কত কথা বলে তাও সয়ে আছি, তাব উপব কেন আব কাটাঘায়ে নুনেব ছিটে দেও। দেবে দেও, কিন্তু স্ত্রীলোক বলে ক্ষমা কবা উচিত। দেও কত জ্বালা দিতে পারো, আমিও কাঁদবোনা। কেবল আমি বল্যে, তাই এত সয়, অন্য মেয়ে হলে এতো জ্বালায় একটা কিছু কবে বসে, আমারো কি ঘটে বলা যায় না।—কেন বয়ে গেছে, আমাকে ত

আর কেউ কিছু বল্‌তে আস্‌চে না, না হয় আজ থেকে এই কর্‌বো আর কারো বাড়ী আস্‌বো না, আর কি? দেখি এইরূপেই কত দিন যায়। সুরা তুমি আর আশা আমার সহচরী আর———— (চিন্তা করিয়া) বিবাহ গোপনে কর্‌লে লোকে দুষবে, আবার প্রকাশ্যও ঘটে উঠা ভার। যদি মা না প্রতিবন্ধক হতেন তা হলে অনায়াসে হতো। (দর্শন করিয়া) উম্মো গীত গাই-তেছে।

উম্মো।

(গীত।)

রাগিণী বিভাস—তাল আড়।

বিরহে কাতরা কেন বিধু করো জ্বালাতন।
ক্ষমা কর নিশাকর কেন হে কর দহন॥
দেখ তারাগণে, চাহি মুখ-পানে,
বিরসে নীরবে যেন শোকেতে মগন।
তরু পাখিকুল, বিষাদে আকুল,
নীরবে নীহারপাতে করিছে রোদন।
তুমি, লয়ে যাও আশে, পিক প্রাতঃ হেন ভাষে,
জাগিল ভ্রমর বুঝি উদিল তপন॥

কামি। (মনে মনে) বাঃ উম্মো দেখ্‌চি দিব্বি গাইতে পারে,—গান কি চমৎকার জিনিস, কি হর্ষের সময়, কি

বিষাদের সময়, কি বিবক্তির সময, কি সুস্থির সময়, উত্তম গাহনা সকল সময়েতেই ভাল লাগে। ধনবানেও ভাল বাসে, দুঃখী গরিবেও ভাল বাসে, জ্ঞানী লোকেও শুন্‌তে ইচ্ছে করে, মূর্খ লোকেও শুন্‌তে চায। এমন আশ্চর্য্যের সামিগ্রী আর দেখা যায না। যাই এইবাব দেখা দিয়ে বসিগে, গানটী শুনে মনটা অনেক সুস্থির হলো। আজ একটু বেসি কবে খেতে হবে। (প্রকাশে) আহা মরি বেশ।

মোক্ষ। (সত্বরে গাত্রোত্থান কবিযা) আস্তে আজ্ঞা হোক, আস্তে আজ্ঞা হোক, আজ আমাদ কি শুভ দিন, আমি মনে——

উম্নো। এই এসেচেন গো এই এসেচেন ''

(ঝুম্নোব আগমন।)

ঝুম্নো। কৈ এসেচেন, আঃ বাচলুম বাবু ! বেস হয়েচে। এই এখন ঘবের শোভা হলো।

মোক্ষ। আমি অনেকক্ষণ পর্য্যন্ত অপেক্ষা কবে কবে শেষে ভাবছিলাম বলি দাইকে নাহয ডাক্‌তে পাঠিয়ে দি, আঃ বাঁচা গ্যালো। (কামিনীব প্রতি) এত বাত হলো কেন বল দেখি ?

উম্নো। আমি আব থাক্‌তে না পেবে শেষে বিরহ ধবিচি, কি করি ভাই, দেখি যে আব এলে না।

কামি। কেন, আমিতো তোমার আর তা নই।

উম্মো। আমিতো ভাবি তার চেয়ে'। তা নৈলে হাপিত্যেশ করে বসে থাকি।

মোক্ষ। এত দেবি হলো কেন ?

ঝুম্মো। অনেক্টা বাত হয়ে গেচে।

কামি। (স্বগত) সাল্লে। (প্রকাশ) মা ভাই কোন মতেই আস্তে দিচ্ছিলেন না, কত কাণ্ড করে তবে এসেছি, মাব সঙ্গে এই জন্য ঝগড়া হয়ে গেচে। বাবার মত ছিল, মা—তা কোন মতেই দেবেন না। ঝগড়া হয়ে গেচে।

ঝুম্মো। তোমাব মার বাবু ঐ কেমন বীত একটা।

কামি। বেগে পায়ে হেঁটেই চলে এলাম, পাল্কীতে পর্য্যন্ত আসা হয়নি। (সকলের উপবেশন।)

মোক্ষ। ইঃ তবে ত ভাবি গোলযোগ হয়েচে, গিন্নি দেখচি আমাব উপব রাগ কব্‌বেন।

কামি। না না, তা কব্‌বেন্না, দূব হগ্‌গে ও কথায় কাজ নেই। উম্মো বেস গান গাচ্ছিল, আব একটী গাক্ শুনি। (মোক্ষদাব প্রতি) তোমাব উপর আবাব বাগ কিশেব ?

মোক্ষ। এই আমাদেব বাড়ী নেমন্তন্ন বলে।

কামি। না না। (উম্মোর প্রতি) গা না ভাই।

ঝুম্মো। (জনান্তিকে) বয়ে গ্যালো। (প্রকাশে) করেন ত অম্নাই, নেমন্তন্নো কল্লে খেতে আস্‌বেনা সে কি কথা ?

কামি। বেস গাচ্ছিল্লি, গা না লা।

উম্মো। কি গ,ইব ?

মোক্ষ। তাই না কল্লেই হলো বোঁন।

কামি। তা কি আমি বলে দেবো। (স্বগত) আজ্‌কের কাণ্ডটা কাল টের পাবে, আজ আর শুন্‌তে পাবেনা।

মোক্ষ। ওলো আগে খাতির কর্ তার পরে গান-টান গা।

ঝুম্মো। এই যে আমি রয়েচি তবে কি কত্তে ? (স্যাম্পিন খুলিতে খুলিতে) এই বোতল গুনো খুলতে গেলে যেন নার্‌কোল ছুল্‌তে হয়; অষ্টকুটী বাঁদন। একে বলে বুঝি শামকিন মদ, না গা ?

কামি। শামকিন নয় শ্যাম্পিন্।

ঝুম্মো। হ্যাঁ ঐ নামটা কেমন মুখে আসে না।

উম্মো। এই আর বলতে পারিস্‌না—শ্যাম্পিন।

ঝুম্মো। ক্যানো বল্‌তে পারবো না ? এই যে শ্যামকিন শ্যামকিন, এ খেলে বড্ডো গা ঘোরে, না ?

মোক্ষ। হ্যাঁলো হ্যাঁ, গা ঘোরে। এমন ন্যাকা আর কোথাও আছে।

ঝুম্মো। (কামিনীর প্রতি) এই ন্যাও।

কামি। (ঝুম্মোর প্রতি) খাওনা একটু।

ঝুম্মো। বাবা রে, আমি গুল মুখে দিয়েই যার গা ঘুরে মরি, ও খেলে কি আর সোগ্যো থাক্‌বে, তুমি খাও।

মোক্ষ। আজ ঝুম্মোকে খাওয়াতে হবে।

ঝুম্মো। রক্ষা কর বাবু, আম্মি ও সব খাইনি কখন, আর

খাবো দাবো না, ঐ উম্নোকে দেও, আর তোমরা সকলে খাও।

কামি। (মদ্যপানান্তর) মোক্ষদাকে দ্যাও।

মোক্ষ। না, আমাকে নয়, উম্নোকে আগে দ্যাও ও গাইবে।

ঝুম্নো। (মোক্ষদারপ্রতি) এই বার তুমি ন্যাও।

মোক্ষ। (মদ্যপানান্তর) গ, উম্নো, একটী ভাল দেখে গা।

ঝুম্নো। আমি যাই, সেখানে বুঝি এতক্ষণ চুঁয়ে পুড়ে গ্যালো।

[প্রস্থান।

কামি। সদোরে কে কে এসেচে ? (স্বগত) আমার গুণনিধি না এলেই বাঁচি।

মোক্ষ। বাইরে তোমার বাপ আছেন, মিহির বাবু আর আমাদের উনি।

কামি। তোমাদের সকলেরি উনি না কি ?

মোক্ষ। হ্যাঁ তোমারো।

উম্নো। হ্যাঁগো তোমার উনি আছেন। (স্বগত) তোমার মিহির বাবু।

কামি। (দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া) আমার ভাই উনিও নেই তিনিও নেই, আর কেউ এসেচে কি না, তাই জিজ্ঞাসা কর্‌চি।

মোক্ষ। আর এক মাগী বাই এসে বসে আছে।

উম্নো। তার নাম কি তা জান। শাঁকচুন্নি জান্।

কামি। তবেত উন পঞ্চাশের মধ্যে একটী (হাস্য)।

(সকলের উচ্চ হিঃ হিঃ হিঃ ধ্বনি।)

মোক্ষ। না না সত্য বটে, তার নাম পেত্নী জান্।

কামি। ঐ তবেই হলো। দেখ্‌তেও কি তাই না কি ?

মোক্ষ। না মাগীর দিব্যি শ্রী আছে, কিন্তু নামটা এমন বিশ্রী কেন করেচে, বলতে পারি না।

কামি। উম্নো বেশ বলেচে " শাঁকচুন্নি জান্ "।

(হাস্য হিঃ হিঃ।)

কামি। গাওনা উম্নু, সেই পর্য্যন্ত বল্‌চি।

উম্নো। আর মাথা গাইবো, হেঁসে হেঁসে পেটে ব্যথা ধরে গ্যালো। হাঁ গাই, কিন্তু ভাই আজ তোমার মুখেরও একটী শুন্‌বো।

(গীত।)

রাগিণী ইমন—তাল কওয়ালি।

আমি মরি মরি সহচরী মরিগো মরি
রূপ মাধুরি তাহেরি তাহারি
দারুণ মদন বাণ সহিতে না পারি ॥
মন চাহে যাহা, কেমনে পাইব তাহা,
না পেয়ে সে ধনে, বাচিনে জীবনে, হায়,
করে চাতুরী কে করে গেল মন চুরি ॥

মোক্ষ। উম্নো কৈ এখনো কিছু জানাচ্চেন। ওটাও খুলে ফ্যাল।

কামি। কি শ্যাম্পিন?

মোক্ষ। হ্যাঁ, কেন অন্য রকম কিছু খেতে চাও না কি?

কামি। আর কি আছে? এ গুলো যেন গুড় অম্বল খাচ্চি বোধ হয়।

মোক্ষ। উম্নো তবে ব্রাণ্ডিটে নে আয়, খোলাই আছে। (উচ্চরবে) ঝুম্নো ঝুম্নো ঝুম্নো।

(ঝুম্নোর আগমন।)

ঝুম্নো। কেন?

মোক্ষ। পাঁটা হয়নি কি এখোন?

ঝুম্নো। একটু দেরি আছে।

মোক্ষ। তবে ত কিছু খাবার চাই, কি হবে?

ঝুম্নো। তার বিলি আমি আগেই করে রেখেছি, তোমার বলে কষ্ট পেতে হবে না, এই জন্যে পাঁটা না রেঁদে আগে মেটুলি ভেজে রেখেচি। এই নেও কোথা রাখবো?

মোক্ষ। এই মেজের উপর দেও।

ঝুম্নো। (স্বগত) সব নৈবেদ্যকার করলে দেখচি। (বিস্ময়ে) এই খানেই। (প্রদান ও সকলের মদ্যপান।)

মোক্ষ। আর দেখ ঝুম্নো, এ দিকের সব প্রস্তুত হলে

আমাকে বলো ' আমি জামাইকে ডাক্‌তে পাঠা'বা, এখনো আসেনি বোধ হয়, কেন না এলে চমক আমাকে খবব দিযে যেতে, ।

কামি। (স্বগত) বিপদ ঘটালে দেখচি। এখন যদি বাড়ীতে ডাক্‌তে যায, তা হলে সব প্রকাশ হবে পড়বে। (প্রকাশে) আব ডাক্‌তে যেতে হবে না, আপনিই আস্‌চে।

মোক্ষ। তুমি তুচ্ছ তাচ্ছীল্য যাই ভাব, তোমাব সম্বন্ধে সে আমাদেব আদবেব বস্তু।

কামি। আমার সঙ্গে তাব সঙ্গে তেল জলেব সম্বন্ধ।

উন্মে। ঐ তাই হলেই সব হলো (ঈষদ হাস্য।)

কামি। তা নয, যেমন এই গ্লাসে জ্বলচে এম্নি একত্র কবলে মিসিনা, কেবল দীপেব শিখায জ্বলে মবি। আমাতে তাতে কোন সম্পর্ক নেই আমি আজো জানি আমাব বিবাহ হয নি।

ব্রহ্মো। ওগো সে এমন জিনিস নয।

একবাব খেযে আবাব চেযেমুখ চোকাতে হয়॥
শবৎ মেঘ এই আছে এই নেই।
মান ভাঙ্গিল, বোদ ফুটিল, হলে যেকে সেই॥
ঠাকুব জামাই এলে বাড়ী ছাড়ে ঠাকুঝি।
এখন কি না, মন বোঝে না, ধবে উচ্‌পিচি॥

এমন হয়ে থাকে। অনেক দেখেচি শেষে কিছুই থাকে না। "আমাব বে হয নি" এ কি একটা কথা'

কামি। এই কথা, এ সত্য কথা। এখন বলচি আগেও বলেচি, আবার শেষে দেখে নিও।

মোক্ষ। (স্বগত) তা সব জানি।

ঝুম্নো। (স্বগত) বলেই দেখি না আমরা যেন কিছুই জানি না। (প্রকাশে) চিরকাল থাক্‌বে কেমন করে?

কামি। তুমি থাক কেমন করে?

ঝুম্নো। আমার পোড়া কপাল পুড়েচে তাই থাকি।

কামি। আমার তাই মনে কর। (দীর্ঘ নিশ্বাস।)

উম্নো। (স্বগত) গোপনে গিহিব বাবুকে পেলে অনেকেই সক্‌ করে বিধবা হয়। (প্রকাশে) তবে তোমার সক করে বিধবা হওয়া।

কামি। তাই।

ঝুম্নো। (স্বগত) সতী সাবিত্রী এমনটী খুঁজে পাওয়া ভার।

মোক্ষ। (স্বগত) এখনো ছাপাবার পথ আছে, আর কিছুদিন পরে থাক্‌বে না। (প্রকাশে) সুখের সামগ্রী ঔষুধ গেলা হলে সুখ হয় না।

উম্নো। হবে না কেন? মনে বুঝলেই হয়। আজ আমরা যুগল মিলন করে দেবো।

মোক্ষ। দেখাই যাক না।

কামি। মাইরী ভাই সত্যি বল্‌চি, অমন কর তো বল, আমি চলে যাই। (গাত্রোত্থান।)

মোক্ষ। না না তুমি পাগল, এমোন কি হতে পাবে। উন্মোব যেমন কথাব শ্রী।

উন্মো। আমি কি সত্যি সত্যিই পাগল হয়েচি নাকি, ওটা বল্লুম ওঁর মন বোঝবার জন্যে,বলি দেখি কি বলেন।

কামি। না ভাই, তোমাদেব মনে একখানা কিছু আছে, নৈলে আমাব মন কেন এত চঞ্চল হবে।

মোক্ষ। না কামিনি, খালি পবিহাস বই আর কিছুই নয়। এমনও হতে পাবে? তোমাকে অসুখী কববাব জন্যেই কি নিমন্ত্রণ কবে এনেচি? ও মা। সে কি কথা। উন্মো তুই মেনে সব কত্তে পাবিস্।

উন্মো। অবাক, কি ঘেন্নাব কথা মা। (কপোলে হস্ত দান।) আমি তো জানিনা তোমবা ঠাট্টা তামাসায় এমন ভাববে।

কামি। আমাব দিব্যি সত্যি কবে বল, তোমবা ভিতবে ভিতবে কি মন্ত্রণা কবেচ।

মোক্ষ। না কামিনি, তোমাব দিব্যি কিছু না।

কামি। আমাব দিব্যি।

সকলে। হাঁ তোমাব দিব্যি।

কামি। (স্বগত) যদি এখনি সেটা এসে পড়ে আব সেই সব কাণ্ড এরা শোনে, তা হলে এই কালামুখ নিয়ে যাবো কোথা, এতে এখান থেকে একেবাবে চলে যাওয়াই ভাল। এখন কি করি? আঃ বয়ে গ্যালো এখন দেশায়

আছি, কাল, না? না হয় এই পর্য্যন্ত। (প্রকাশে) তবে উন্মো একটি বেস ভাল দেখে গান গাও ভাই।

উন্মো। এই গাই। আমরা এমন নই, আর এমন কথাও বলতে জানিনে যে যাতে লোকে বাজার হয়। যে দিনে তা হবে দড়ি কল্‌সি নিয়ে গঙ্গায় গে উল্‌বো।

কামি। এখন একটী ভাল দেখে গান গাও দেখি।

উন্মো। আচ্ছা।

(গীত।)

সিন্ধুভৈরবী—অ.ডাখেমটা।

এ সুখ যৌবন নিশি বিরহে পোহাল সখি।
রাখিতে হৃদি পিঞ্জরে না মিলিল প্রিয়পাখী।।
কত বা থাকিব ধরে, প্রেম সুধা পান তরে।
পথ চাহি নীলাম্বরে, বাষ্পেতে তিতিল আঁখি॥
স্নেহহীন দীপ হলো, নিস্তেজ হইল আলো।
ইহা হতে সেই ভাল (নহে) আপনি নিবায়ে রাখি॥

(উঠিয়া নৃত্য।)

কামি। আহা হায় হায়, ফের গা ঐটী। (পুনশ্চ গীত ও কামিনী ও উন্মোর নৃত্য।)

ঝুন্মো। (কামিনীকে দেখাইয়া জনান্তিকে) কেমন একটু উঁচু উঁচু বোধ হয় না?

মোক্ষ। কৈ আমার তো হয় না।

(প্রকাশ বাবুর আগমন।)

প্রকা। (দেখিয়া স্বগত) তাই ত বলি এত গোল-মাল কিশের, এই যে নৃত্য হচ্চে, গীত হচ্চে, বা বেস্ নাচ্চে, এদের নাচেতে যেন বাড়ী সবশুদ্ধ নাচ্চে। আমি আগে জান্‌তেম গৃহস্থের মেয়েরা নাচতে গাইতে জানেনা, এখন দেখে শুনে বেশ টের পেলুম। এই সংস্কারটা আমার মনে পুরাণ শিবের মন্দিরে যেন অশ্বত্থ গাছ বসেছিল। এদের নাচ দেখে দেখ্‌চি আমারো নাচ পেয়ে এলো। পা থামে না। তবে আড়ালে দেমালুম একটু নেচেই নিই না কেন? (নৃত্য।) যে পেট্টা বেড়ে উঠেচে কোমর নাড়িতে গেলে মাথা নড়ে, আচ্ছা নড়বে (কটি সঞ্চালন) এই এই এই। (দীর্ঘশ্বাস গ্রহণ করিয়া।) না, পারা যায় না, এ ওদেরি সাজে। আজ যেমন আমার ফূর্ত্তির দিন এমন অনেক নবাবের জন্মতিথি পূজাতেও হয় নাই। বাহিরে মিহির আদি প্রাণের ইয়ারদের নিয়ে ঘোড়শোপচারে মদ খাওয়া যাচ্চে। অন্তঃপুরে মেনকা উর্ব্বশী কি তাদেরো চেয়ে রূপসীদের নৃত্য হচ্ছে। যদি কোম্পানীর বাগানে পারিজাত ফুলের কলমের গাছটা পাওয়া যেত, তা হলে নন্দন বন তয়ের করে ইন্দ্রত্বের সক্টা এইখানে বসেই মিটিয়ে লওয়া যেতো। আজকে আমার বাড়ীর নর্দ্দমা দিয়ে মজ্জা গড়িয়ে যাচ্চে, শক্রপক্ষ বেটারা সেখানে হয় তো হাঁ করে দাড়িয়ে আছে। মন দেখে ন্যাও, এই

সেই অপূর্ব্ব জিনিশ কামিনী! যে কামিনীকে এ পর্য্যন্ত কোন ব্যাটা দেখ্‌তে পেলে না, কত লোক তপস্যা করে মলো তবু হলোনা, সেই কামিনী তোমার শোবার ঘরে নাচ্চে, প্রাণপুরে দেখে ন্যাও বাবা। (সসন্তোষে দর্শন করিয়া) বঃ, তোকা দেখ্‌তে, ভেরি গুড্ লুকিং লভ্‌লি য়্যাপিয়ারেনস্, ক্যা বাহার, কি খাপসুরৎ হ্যায়। মিহির কি গেঁথেচে! না, পারে নি, মাগীদের কথায় বিশ্বাস করা যায় না।

ঝুম্নো। (প্রকাশ বাবুকে নিরীক্ষণ করিয়া) ওলো উম্নো, ওমা কচ্চিস্ কি, ওখানে যে বাবু এসে দাঁড়িয়ে রয়েচে, সর করিস কি।

উম্নো। অ্যাঁ! আমাদের বাবু! ছি, ছি, কি লজ্জা। (সত্বর মুখে বস্ত্রাচ্ছাদন করিয়া ভিত্তি পার্শ্বে অবস্থিতি।)

মোক্ষ। কামিনীর চক্ষু গিয়েচে একেবারে।

কামি। ছি উম্নো, তুই বড় বেতালা।

মোক্ষ। মর্ মড়া, আমাদের উনি ওখানে দাঁড়িয়ে রয়েচেন যে, দেখ্‌তে পাস্ নি?

কামি। কের "আমাদের উনি" ভালা তোমাদের গোকুলের কৃষ্ণ?

প্রকা। বটে গো বড় মানষের মেয়ে, আজ তোমার বড় মুখ ফুটেচে। (স্বগত) এতো হয়েই রয়েচ।

কামি। মনের গোড়ায় সেই অবধি এতো সুধা সিঞ্চন

কর্‌চি তবে কিসের জন্যে ? এখন মনলতা পুষ্পবতী হয়ে মুখ ফুটেচে, চোক্ ফুটেচে, সব ফুটেচে। (সকলের হাস্য।)

প্রকাশ। হাঁ তা বোঝা গেচে, এখন অমৃত সিঞ্চনটা বন্দ করে দাও, নৈলে হেজে যাবে।

কামি। জলজ ফুল জলে হ জে না।

মোক্ষ। বন্দ করে দেওয়া হয়েচে, কেবল বড শুকিয়ে উঠ্‌লে একটু একটু আছড়া দেওয়া যাচ্চে।

প্রকা। এখন এক্টু সম্ভব হয়ে আহারাদি করো একবার বাইরে এসে বসো, মুজরা আরম্ভ করে দেওয়া যাক্।

কামি। আম্‌রা যাবো মুজরা শুন্তে, আমাদের মুজরা শোনে কে ?

প্রকা। (প্রস্থান করিতে করিতে) হাঃ হাঃ হাঃ, আচ্ছা আচ্ছা আমি আছি, আমি আছি। (স্বগত) ভাবি মাতাল হয়েছে, বাবা,' মদ কি জিনিস, যে কামিনী আমাকে দেখে ঘোমটা দিনে বসে, সে কি না লজ্জাসরম মাথায় তুলে এমনি আরম্ভ কল্লে যে, আমাকেই লজ্জা পেয়ে চলে আস্তে হলো।'' বলিহারি যাইরে মদ। লোকে এমন জিনিসকেও আবার ছাড়তে অনুরোধ করে ? এমন জিনিস কি আর আছে, না জন্মাবে, যা খেলে মনে একেবারে কোর প্যাঁচের নামটি থাকে না।

[প্রস্থান।

ঝুম্রো। তবে /গুটো তোমরা, ও দিকে সব প্রস্তুত হয়েচে।

মোক্ষ। ওঁদের কি হলো ?

ঝুম্নো। বাবু কিছু পাঁঠা আর লুচি বাইরে পাঠিয়ে দিতে বল্লেন, তা দেয়া হয়েছে।

মোক্ষ। কৈ, জামাই এলো না ?

কামি। খবর লেখো।

মোক্ষ। অধর্ম্মো আর কি। কি বলে কে জানে।

[সকলের প্রস্থান।

ইতি দ্বিতীয় গর্ভাঙ্ক।

তৃতীয় অঙ্ক।

তৃতীয় গর্ভাঙ্ক।

প্রকাশ বাবুর বৈঠকখানা।

(সম্প্রদায় সহিত বাই, উদয়, মিহির এবং প্রকাশ আসীন। অনতিদূরে যবনিকান্তরালে কামিনী, মোক্ষদা ও সহচরীদ্বয় আসীনা।)

মিহি। (সারেংওয়ালার প্রতি) তোমারা কোঁ কোঁ চুবস্ত হুয়া ?

সারেং। জী হো হ্যায়।

প্রকা। জল্‌দী তৈয়ার কর।

বাই। হুজুর নাচ না হোগা ?

প্রকা। নেই সির্ফ মুজরা।

মিহি। আরে হাঁ জী হাঁ নাচ নেই তো ক্যা ?

বাই। নেহি হুজুর, আপ্‌লোক্কে পাস বহুৎ উমেদ কর্‌কে আয়াহুঁ (অঙ্গুলি প্রদর্শন) ইয়ে দেখিয়ে পেস্‌ওয়াজ মেরে শামিল মৌজুদ হ্যায়।

সারেং। এজী পেস্ত্রীজান্, পীন্ লেও হুকুম হোগেয়া।

প্রকা। পীন্ লেও মগর হাম্ কুচ্ নেই জান্তা (উদয়ের প্রতি) চল্, একবার প্রাইভেট্ রুম্‌টো ঘুরে আসা যাক্।

উদ। কি হানি আছে ?

সারেং। আপলোক খাঁমিন হ্যায়. দুনিযাকা মালীক, যো কুচ দো পয়সেকে আস্বা হুজুর লোকে পাস্। আওর কহি যাতেই নেহি, আওর কৈ শুন্তেহী নেহি। (তবল-চীর প্রতি) আওর কৈ সমজতা নেহি শুনে গা ক্যা!

তবল। সচ্‌তো। আওর ক্যা ?

সারেং। হুকুম দেদিজে। (বাইয়ের প্রতি) পেহেলা পেহেলা, বাবু লোকা দোযাসে হোগা ফিকির মৎ করো।

মিহি। আওর ক্যা, বাবু লোকা দোযাসে সব কুচ্ হো সেক্তা। সমুন্দর জমীন বন্ যায, জমীন সমুন্দর হো যায।

প্রকা। নেহি নেহি, উও সব বাৎ মৎশুনো, যো কহে সো করো। (মিহিরের প্রতি) দ্যাখ্ মিহির, আর তোর জ্যাটামোয় কাজ নেই, আয় এখন।

[সকলের প্রস্থান।

বাই। (স্বগত) নেহি কাঁহা হোগা ?

সারেং। আজ কাল এসা দিন আিযা কে বাহান চোৎ কৈ আদমী পয়সা নেকালনে নেহি চাহ্‌তা।

তবল। অাঁওঁয়েঁহেঁ।

(সকলের আগমন।)

মিহি। নো অব্‌জেক্‌সন্।

প্রকা। বাইজীতো আমাদের ঘরের লোক।

উদ। তাবি বা মানে কি, বাঙ্গালিরা খেলেই অড লুকিং হয় আর সাহেবরা খেলে হয় না? আমরা মদ খাই যেমন সাহেবেরা খায়।

প্রকা। এই পেছনে থাক্ আবশ্যক হলেই লওয়া যাবে।

উদ। কেন? কি আশ্চর্য্য' পেছনে রাখ্‌বার দরকার? সেই এখানেই খাব তবে আবার মনকে আঁখ্‌ঠার কাজ কি? (সম্মুখে বোতল, গ্লাস, জল, ও কিঞ্চিৎ চাট্ রক্ষা) আমরা খাই, আমাদের সামাজিক নীতিই এই।

মিহি। এই আর কি? নাউ অল্ রেডি, বস্। এখন নিশ্চিন্ত হয়ে মুজরা শোন।

প্রকা। আজ ব্রাহ্ম ফাহ্ম নেই, তার ভয় নেই।

মিহি। হ্যাঁ, ঐ কতকগুলো অর্থভক্ত ব্রাহ্ম জুটে ক্যাচা খেমো করে তুলেচে। এমন ফূর্ত্তির জিনিস আর আছে না হবে? তা তো কেউ বোঝেনা। সকল দেশের লোকেতে খাচ্চে, আর সকল সময়েতে চলে আস্‌চে, এ হেন শ্রীকৃষ্ণ তিনিই খেতেন, তার আর অন্যে।

উদ। কতকগুলো ভীরু লোকে মর্‌বার ভয়ে মদ খায় না, আর অপরকে খেতে বারণ করে। একি বিষ, যে খেলেই মরে যাবো। যেখানে সুখ সেই খানেই ভয়। সুখোল্লাসীদের অত ভয় কল্লে চলে না যে। যারা মুক্তা শুক্তির জন্য মহাসাগরে মগ্ন হয় তারা ভীষণ জলজন্তুর প্রতি দৃক্পাতও করে না। এই এতো লোকে মদ খাচ্চে,

তার কটা লোকের লিবর হয়েচে? যে খানে সন্দেহ, সে খানে এতো ভয় পাবার আবশ্যক করে না।

প্রকা। এ পৃথিবীতে জন্মগ্রহণ করে সকল সুখের আস্বাদ গ্রহণ করাই উচিত, বিশেষ এরূপ সুখের জিনিসের আস্বাদ যারা পায় নাই, তাদের জন্মই বৃথা। আহা' সমস্ত দিন পরিশ্রম করে সন্ধ্যার সময় এ ফুল গ্ল্যাস অফ্ ব্রাণ্ডি যে কি আমোদ দান করে, যারা খেয়েচে, তারাই জানে।

মিহি। আবার বলে মদ খেলে পাপ হয়, আশ্চর্য্য আর কি। কোথায় ধর্ম্ম কোথা খাবার বস্তু। মদ খেয়ে দুষ্য কর্ম্ম করলেই পাপ হয়, তাই বলে সৎকর্ম্ম কর্লেও কি পাপ হবে? বরং এতে আরো ঈশ্বরোপাসনা উত্তম হতে পারে।

প্রকা। আর কি, ড্রিঙ্ক করে যে দিকে মনকে লওয়াবে তাতেই খুব প্লেজার বোধ হবে।

সাবেং। হুজুর সুরু করেঁ।

উদ। সুবুর করো (কোপ দৃষ্টি।)

বাই। ক্যাসে দেওয়ানে আদ্‌মী তোম (ঈষৎ কোপ।)

মিহি। সুরাপান করো কএক ঘন্টার জন্যে যে সুখানুভব করা যায়, সুরাপান না করে বক ধার্ম্মিক হয়ে যাবজ্জীবনের মধ্যেও তেমন সুখ পাওয়া যায় কি না সন্দেহ' এতে লিবর হয়ে মরে যাই, মরবার সময় বলে যাবো সুখের চূড়ান্ত করে নিয়েছি।

উদ। মরে যাওয়াতো পুণ্যকর্ম্ম, যে যত শীঘ্র

মরে, সেই পুণ্যবান্। এ সংসারে যে যত দিন বেসি বাঁচে, সে ততই পাপে জড়ীভূত হয়।

নিহি। যারা পরলোকে আমোদ চায়, তারা এখানকার ত্যাগ করুক, আর যারা এখানে আমোদ চায় তারা পরের প্রত্যাশা ছেড়ে দিক্।

সুরা নয় সুধা তুমি প্রাণের প্রেয়সী।
সেবা করি তোমা ত্যজি মেনকা উর্ব্বশী॥
রেখোলো মিনতি, প্রেম রেখো সযতনে।
জ্বলিতে না হয় যেন বিয়োগ দহনে॥
উন্মীলি প্রফুল্ল নেত্র দিবস যামিনী।
তোষলো মম অন্তর সুরসে কামিনি॥
শত ভীতি লোক লাজ গঞ্জনা নিচয়ে।
উপাসিব তোমা, দূরে রাখি কালভয়ে॥

প্রকা। আমিও।

উদ। ডিটো।

প্রকা। বাইজী অব্ আপনা কৈফিয়ৎ সুরু করো।

বাই। বহুৎ খুব। (যন্ত্রধ্বনি ও গীতের ভূমিকা।)

(গীত।)

রাগিণী ইমন—মধ্যমান।

লালন্ মন্ বস্ করলি না এএ লালন্
মন্ বস্ করলি না।

প্রকা। হুঁ, সুভান আল্লা।

(গীত ঐ)

বাই। ক্যাশেকে আওঁ পেয়াবে তোমারে
দরস্ লালন মন্ বস্ করলি না।

মিহি। হাঃ ক্যা বাৎ হ্যাব।

(গীত ঐ।)

বাই। চতুরে নারি করে সিংহাব বৈঠে গজমতি
, য়ান্ কেহারোয়া পহনে, মেরে করম মে এহি
আজস লালন মন্ বস্ কর্লিনা।

উদ। কোরবান যাওঁ।

প্রকা। ক্যা কৈফিয়ৎ।

মিহি। বাঃ বাঃ বেস্' ধুগ্‌ড়ির ভিতব খাসা চাল।

(গীত।)

টুংরি—খাম্বাজ।

মেইতো ফুলুয়া বিনুন্ ক্যাসে যাও।
দেখো দোখোরে গোঁয়ারো ঠাডো বাগিয়ামে.
বিনুন্ ক্যাসে যাও॥
ফুলুয়া বিন্ হন্‌কো গেএল বাগিয়ামে,
বেঁয়া পাকড়ে মোহে মারে ঠাডো, বাগিয়ামে
ফুলুয়া বিনন॥

প্রকা। জীতী রহো জী পেস্তী জান।

উদ। মায় যোয়ানী।—বিড হার সিং সম বেঙ্গালী টপ্পাজ্।

মিহি। এ বাইজী, হাম লোকতো বাঙ্গালী হ্যায়, হাম লোক হিন্দী গান বাখোবী সমজ্‌তে নেহি, সো একঠো বাঙ্গালা গানতো ফর মাও।

বাই। জী, হামকো নেহি আতা হ্যায়।

সাবেং। কাহে জী, সব্ মাও কাহে, বাবুলোকজিসমে খোস্ হোয় উওঃ কর্‌না চাহিয়ে। গাও। (সারেঙ্গীতে গীত।)

বাই। (গীত।)

রাগিণী ঝিঝিট—আদ্ধা।

রামণীর মান হ্যায়না তেওয়ান যেওয়ান
পাকস নেওতা নেওতে।

(মুখে বস্ত্রাবরণ।)

সাবেং। কাহে? সব্ মাও কাহে জী?

প্রকা। না, পাল্লে না।

উদ। দেন্ টেল্ হার্ টু সিং এ মর্ণিং সং।

মিহি। (স্বগত) দূর ব্যাটা সং এখন মর্ণিং সং'

প্রকা। বেবি, ওএল। (বাই প্রতি) এ জী! বাবুলোক তোম্‌কো তৈরে ফরমাস্ করে হেঁ।

সারেং। বহুৎ খুব।

(গীত।)

ভৈরোঁ—খেম্‌টা।

যাগো বল্‌মা বয়েন্ রহি থোড়িরে।
যেই পেইয়াঁ লাগো তোরারে॥
হোৎ ভিন্ সর্‌ওয়া, সেইয়াঁ যাইহেঁরে বিদেশোয়াঁ,
বিরহ ব্যাকুল ভেই গোরীরে, গলে লাগি গোরীবে॥

(গীত সমাপ্ত না হইতেই প্রসর-বসনা
মদোন্মত্তা কামিনীর আগমন।)

কামি। (জড়িত জিহ্বায়) বাওয়া বাওয়া ছি-শি-শি, বাওয়া, বাওয়া, চল বাড়ী যাই, মুচি-মুচি চামাব চামাব।

উদ। (মদভ্রমে) সী, দেয়ার ইজ্ অ্যানাদার বিউটি কমিং।

মিহি। ব্রেভো! ব্রেভো! (নিতান্ত ভ্রমে নয়।)

সারেং। ভাগ্‌রে ভাগ, ফের ঝাড়ুয়া পৌছা।

[যন্ত্রাদি পরিত্যাগ করিয়া সম্প্রদায় সহিত
বাইএর বেগে পলায়ন।

প্রকা। এ কি? এ কি? আবে এ কি? যাঃ সেজ্‌টা ভাঙলে, আরে ক্যা হায, ক্যা হায়, হ্যায় ক্যা?

মিহি। (স্বগত) কামিনী না? মাতাল হয়েচে না কি? মন্দ নয়। (প্রকাশে) বড় গোল্ হচ্চে, চোপ্ চোপ্ চোপ্।

প্রকা। (ঈষৎ কোপ্) কিও মিহির? তুমি যে আবো বাড়াও। এরা পালায় কেন? আরে ভাগো কাহে?

উদ। (অন্ধকার ঘরের ভিতর তাকিয়াব উপর ঢুলে পড়িয়া) নিভিল জীবন দীপ বোধিল কিরণ।

নয়ন রঞ্জন ভব কবিল হরণ॥

প্রকা। (অনুচ্চস্বরে) উদয় বাবু করেন কি? তোমার মেয়ে কামিনী মাতাল হয়ে এসেচে।

উদ। আর কি দেখিতে পাব সুনীল গগনে।

মনোহব শশধর খেলে তারা সনে॥

প্রফুল্ল কমলে অলি গুঞ্জন স্বনন।

আর কি শুনিব কানে বিহগ কুজন॥

প্রকা। (ঈষৎ কোপে) সব মাতাল যে, সব মাতাল।

কামি। কে তুমি, বাবা?

মিহি। (কামিনীব হস্ত ধারণ কবিয়া) উঁহুঁ।

প্রকা। (স্বগত) উঃ বাইরে অত চেঁচাচ্চে কেন? (প্রকাশে) ঐ যাঃ, কুকুরটো খুলে গেচে। সর্ব্বনাশ কব্‌লে। কাকে কামড়ে মেরে ফেল্লে বুঝি। (কুকুবকে আহ্বান) বুষি বুষি,—এমন সময় আবার চাকর ব্যাটা গ্যালো কোথায়?—চমরু চমরু—ঐ যে ব্যাটা ঘুমচ্চো। (শশব্যস্তে নিদ্রিত চমরুর নিকটে গিয়া পদাঘাত) পাজি, বজ্জাৎ, হারামজাদা, দেখ্ যাকে কুত্তা কেস্‌কো মারডালা হোগা, জল্‌দিসে পাকড় যাকে।

চমরু। (কিংকর্ত্তব্য বিমূঢ় হইয়া ও দুই তিন বার দেওয়ালে প্রতিঘাত পাইয়া) পাক্‌ড়ো পাক্‌ড়ো।

[বহির্গমন।

তৃতীয় অঙ্ক।

চতুর্থ গর্ভাঙ্ক।

বাঙ্গালিটোলার বাস্তা।

(চমক উপস্থিত, কয়েকজন নাগরিকের আগমন।)

প্রথম নাগ। ক্যা হায়, ক্যা হায়? (প্রকাশ বাবুর সদর দরজা বন্ধ হইল।)

দ্বিতীয় নাগ ও চমরু। চোব হ্যায়, চোব হ্যায়, ওহি ভাগে, ওহি ভাগে।

(কৃষ্ণধন, জয়গোপাল ও কেবলের আগমন।)

কৃষ্ণ। (গোপালেব প্রতি) ব্যাপাব কি? কিছু বুঝ্তে পাচ্ছেন?

গোপা। ঐ যে চোর চোব বল্‌চে। তবে গিয়ে কাজ নাই, কি জানি খোঁচা খোঁচি মার্‌বে।

কেব। আমি চল্লাম মোশায়।

[প্রস্থান।

গোপা। কৃষ্ণ বাবু, গোঁয়ারতিমি করে যেয়োনা।

কৃষ্ণ। ভয় কি, আপনাবা আসুন্ না।

গোপা। আরে না না, বোঝনাতো, তোমরা ছেলে মানুষ।

কৃষ্ণ। (কিঞ্চিৎ দূরে সারেংওয়ালাকে দেখিয়া দ্রুত-বেগে আক্রমণ) এই এক ব্যাটা পালাচ্চে। (বাহু-শৃঙ্খলে সুদৃঢ় বন্ধন করিয়া) গোপাল বাবু, শীগ্গির, শীগ্গির, শীগ্গির।

গোপা। (দূর হইতে) আরে ধরেচ না কি?

কৃষ্ণ। ধরেচি, ধরেচি।

গোপা। ভাল করে ধরেচোতো?

কৃষ্ণ। হাঁ, হাঁ, শীগ্গির আসুন।

সারেং। হুজুর, হাম চোর নেহি হ্যায়, চোর নেহি হ্যায়।

গোপা। (সারেংওয়ালার দাড়ি ধরিয়া কপোল দেশে চপেটাঘাত) শালা, শালা, শালা বুড়ো বয়েসে চুরি কত্তে এসেছো।

সারেং। তোবা-তোবা, এ আল্লা এ খোদা। হাম চোর নেহি হ্যায়।

কৃষ্ণ। (পৃষ্ঠে মুষ্ট্যাঘাত।)

সারেং। এ বাপ্, এ বাপ্, এ বাপ্, ইঃ হাম্ সারেঙ্গ বাজাতা হ্যায়। বাৎ শুন্ লিজিয়ে।

গোপা। (না শুনিয়া) তোর বাৎ শোনা আছে। (চর্ম্মপাদুকা প্রহার।) শালা, কর চুরি, কর চুরি, কর চুরি।

কৃষ্ণ। (ব্যস্তে) কোন্ হ্যায় তোম? কোন্ হ্যায়?

সারেং। হাম্ সারেংওয়ালা, মুজ্‌রে কো গেয়ে থে।

কৃষ্ণ। থামো থামো, শুনুন শুনুন।

সাবেং। বি বি পেল্লী জানকা সামিল আয়ে থে।

গোপা। আঁ্যা, একি সেই সারেংওয়ালা ' আ চুর্দশ। ' আরে কাহে পৈলে নেই কহা? দেখো তো নাহক মার খায়া।

কৃষ্ণ। আহা দেখ ত, বেচারি মিছি মিছি মার খেয়ে মলো।

গোপা। (স্বগত) থানায় না গেলে বাঁচি। (প্রকাশে) এটী কেবল কৃষ্ণ বাবু হতে হলো।

কৃষ্ণ। আমি কি জানি, সকলে চোর চোর কচ্চে, এও ছুটে পালাচ্চে। (সারেংওয়ালার প্রতি) তা তোম দৌড়ে ভাগ্‌তাথা কাহে?

সারেং। কুত্তাকা ডর্‌সে হজুর। (রোদন।)

কৃষ্ণ। কি আপদ '

গোপা। আমিও তাই ভাবি এতো গোলেতে চোর না কি বসে আছে।

কৃষ্ণ। ভাল, মুজ্‌রা হচ্ছিল, সব আদমি জাগে হুয়াথা, ওস্ বক্ত চোর কেসে আয়া?

সারেং। (রোদন করিতে করিতে) জী হজুর, চোরকা বাৎ হাম্ কুচ্ নেহি জান্তা হ্যায়। হাম লোক ঘর বাবুকে ঘরসে দৌড়্‌কে ভাগে আতেথে, আদ্‌মি সব চোর চোর গুল কিয়া।

গোপা। চোর বৈ কি, এই ব্যাটাই চোর।

কৃষ্ণ। তা ভাগ্‌কে আতাথা কাহে?

সারেং। (চক্ষের জল মোচন করিয়া) হুজুর, হাম সব মুজরা কর্‌তেথে, অন্দরসে এক আওরৎ, সায়েদ, ওনকী জরু হোগী——

(তবলচীর আগমন।)

তবল। ওস্তাদ জী আপ হিয়াঁই হ্যায়? রোহ কাহে?

সারেং। বড়ী মার খায়া জী, বড়ী মার খায়া।

তবল। কাহে?

সারেং। হামারী বদ্‌বক্তী, বাবু লোক কা কুচ কসুর ইস্‌মে নেহি হ্যায়। তোম কাঁহা থেও।

তবল। হাম্‌ তো ভিতরমে থে।

সারেং। মার তো নেহি খায়ে!

গোপা। হাঁ, এর কাছে সঠীক খবর পাওয়া যাবে (তবলচীর প্রতি) আরে কেয়া হুয়া, হালতো কহো।

তবল। কুচ তো নেহি হ্যায়। (সারেংওয়ালার প্রতি) ঝুট্‌ মুট্‌ আপ্‌ কাহে ভাগ্‌কে আয়ে? হুজুর, মুজরা হোতাথা, এক আওরৎ মাতোয়ালী হোকে মজ্‌লীসমে আ পোঁহ্‌ছি। আয়ী তো ওস্তাদ্‌জী কহা "ভাগরে ভাগ।" এত্না কহ্‌ কর ভাগনে সুরু কিয়া। হামকো নিকল্‌নেকা রা নেহি মিলা, আওর বাত্তি বুৎ গেই, ইসিমে হাম ঐ ঘরমে ঠাহর গেয়ে। পিছে মালুম হুয়া ওঅঃ আওরৎ মারনেকো নেহি আয়ীথী, মাতোয়ালী থী।

সাবেং। যেস্তবে হোয় খোদাকা লিখ্না তামিল হো গিয়া। মাব ভি খাষা কুত্তাভি কাটিস্।

কৃষ্ণ। চুঃ চুঃ চুঃ' পুওব ফেলো' (সাবেংওয়ালার প্রতি) তোম কাহেকো এসা কিও"

তবল। (ঈষৎহাস্য) হুজুর আওব এক মোকান মে এসা হুয়াথা, উস্ বাবুকি জরু আকে ওস্তাদজীকো বহুৎ ঝাড়ু মারিস্থা, ইস্ ডবকে মাবে ওস্তাদ্জী ভাগ্ আয়েথে। (গোপাল ও কৃষ্ণের হাস্য হাঃ হাঃ হাঃ।)

গোপা। এবা যে এখন সিঁদুরে মেঘ দেখে দোড়ি ছেঁড়ে তা কে জানে বল?

কৃষ্ণ। এব ভিতবে এতো কাবথান' জানা যাবে কেমন কবে? আহা, বেচাবা অনর্থক মাবগুলো খেলে গা! এ জী, তোম সব্ কাল হামারা ছুঁয়া আনা।

সাবেং। রুই ধুনকে খাঙ্গে সোভি আচ্ছা তব্ভি মুজবা নেহি কবেঙ্গে। (তবলচীব প্রতি) বিবি কাঁহা হ্যায়?

তবল। না মালুম।

সাবেং। চলো দেখেঁ যা কে। (কৃষ্ণপ্রতি) হজুবকা নাম?

কৃষ্ণ। কৃষ্ণমোহন মিত্র।

[সারেংওয়ালা ও তবলজীর প্রস্থান।

গোপা। ওহে আমাদের জামাই কোথা গ্যালো?

কৃষ্ণ। ভাইত কখন সবে গেচে কিছুই টেব পাওয়া যায় নাই। দেখ্লে গোপাল বাবু, দেখলে?

গোপা। নূতন না কি?

কৃষ্ণ। এরা ভদ্রলোকের পুরঃস্ত্রী' আর এঁরা দেশের ভদ্রলোক, আমি আগে জান্তেম না যে প্রকাশ বাবুর স্ত্রী এতো মাতাল'

গোপা। প্রকাশের স্ত্রী, কি আর কে, তা জান্‌লে কিসে?

কৃষ্ণ। তবে কি এই নাটকের নায়িকা?

গোপা। আমার তো জ্ঞান হয় তাই।

কৃষ্ণ। মনে পড়্‌লো না যে সে সময় জিজ্ঞাসা করি। চেহারাটা জিজ্ঞেসা করে নিলে ঠিক জানা যেতো।

কি দেখিনু বিপরীত, কভু দেখি নাই
রীতি, রমণী মণ্ডলে পূর্ব্বে শুনেছিনু
বটে, পুরাণেতে যথা সেই সত্য যুগে
শুম্ভ নিশুম্ভের রণে, করাল-বদনা
কালী সহচরী তারা বিবসনা হয়ে,
ঘেরিয়া শক্তির মূর্ত্তি মাতি সুরারসে
করিত নৃত্য, কপাল নরের তথায়
পান পাত্র। এরা তাই হবে মরিয়া বা
লয়েছে জন্ম মানব-উদরে, অথবা
নিশাচরী, হেরে মন সঙ্কোচে বিস্ময়ে,
শিহরিয়া উঠি ভয়ে, কাঁটা দেয় গায়,
বারুণী-অনলে বঙ্গ পুড়িল রে হায়॥

একি সেই কুলবালা ? যারা শত বর্ষ
বাঁচি, তবু দেখে নাই নিজ পল্লী আছে
কি কোথায, নাহি চিনে সবাকারে
ভিন্ন আত্মীয় স্বজনে ? দশন স্খলিত
হয়ে, লোল চর্ম্ম, ধরে মাথে শ্বেত কেশ-
রাশি, তবু আকিঞ্চন করে মুখ বাসে
ঢাকিবারে। গেছে কাল হলো এবে দায।
বারুণী অ-লে বঙ্গ পুড়িল রে হায॥

এ'কি সেই লজ্জাবতী ? থাকিতে দীপের
দীপ্তি যেতে নজ প'তিপাশে আগে পাছে
চায নাহি যায (পাছে থাকি অন্তরালে
দেখে ঘোষে অপযশ লোক মাঝে) হেন
যেই ? কিম্বা সেই জাতি নারী যারা থাকি
এক গৃহে একাকিনী ঢাকে হৃদি বাসে ?
সেই নারী বটে, কিন্তু মোহিত সুরায
বারুণী-অনলে বঙ্গ পুড়িল রে হায়॥

দেখ হে বিচারি সহ লজ্জা প্রাণা বালা,
এই উপমা দিবার, নারী কুল শ্লাঘা,
রাখি দুই করে, তৌল পরে নহে যথা
স্বর্ণকারে কষ্টিপরে সুবর্ণ ঘরষি
বুঝে মূল্য তারতম্য। যবে তরঙ্গিণী
জলে আক্রমি, তীরণ নীর্ঝ বসনে তাহায,

কিন্তু ও আমাদের এখানে থাকলে বলবে এরাই প্রজোর করে ব্যাডায়।

কৃষ্ণ। কেন বিষয়টা হ্যাপায় যোত্তায়[illegible], যুজিয়ে ঘ নয়ে গিয়ে জমো।

কেব। ওমোন বিষয়ে প্রজা করে দেই[illegible]

গোপা। তবে ঐ কৃষ্ণ বাবুর বাড়ীতে [illegible] ওয়ে থাকে

কৃষ্ণ। আবার ওখানে আর গন্ধও [illegible] প্রতি) দেখ আজ তুমি বাড়ী না গেলে তোমার [illegible] কিন্তু বা। করবে এতো যে বোধ তাই হয়।

গোপা। একেবারে চটিও ন চটে গেলে কি কায পাবে? আমার কথ শোন এখুনি বাড়ী চলে যাও। কামিনী এদের বাড়ী নিমন্ত্রণে এসেচে এখান থেকে খুব তফেব হয়ে যাবে বোধ হচ্চে। নেসার সময় একটু ভার করে দুটো মিষ্টি কথা কয়ে খোসামোদ করো। তা হলেই আর কি? বস যাও। (পৃষ্ঠে হস্তদান)

কেব। তবে আসলাম মশাই।

কৃষ্ণ। হ্যা এসো, কি হয় আবার কাল সকালে এসে বলো।

কেব। যে আজ্ঞা।

[প্রস্থান।

কৃষ্ণ। আমিও তবে যাই আর তোমার ওখানে যাবো না ক্রমে রাত্রি অধিক হয়ে এলো।

গোপা। তামাকটা খেযে যাও।

কৃষ্ণ। আব তামাক খাবো না আবাব গৃহিণীব কাছে কৈফিযৎ দিতে হবে

গোপা। আচ্ছা তবে এসো, আমিও শুইগে যাই।

কৃষ্ণ। বাবা, মেয়ে মানুষে পুরুষেব গালে কালি দিলে

গোপা। এও সেই তিনি।

কৃষ্ণ। গুড নাইট।

গোপা। গুড নাইট, টু ইউ।

[সকলেব প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

চতুর্থ অঙ্ক।

কৃষ্ণধনের বৈটকখানা।

(জয়গোপাল ও কৃষ্ণমোহন উপবিষ্ট।)

গোপা তার পর।

কৃষ্ণ। তার পর আঙ্গটি [illegible] না দেখতে পেয়ে ভাবলেম সেই গোলমালে চৌকি [illegible] সময়েই পড়ে গেচে, [illegible] পাওয়া যাবে। কেন তখন দিব্যি [illegible]

গোপ। হু তার পর।

কৃষ্ণ এই মনে করে ফিরে গিয়ে [illegible] যে ছল সেই খানটা খুঁজে [illegible] সময় দেখ না প্রকাশ বাবুর বাড়ী থেকে [illegible] মোদা পালকী বেরিয়ে গ্যালো। আমি চেয়ে চেয়ে দেখলম (যা ভেবেছিলাম তাই) পালকী খানি উদয় বাবুর বাড়ীর দরুজায় গ্যালো।

গোপা কে খুললো তাতে, [illegible] বুঝি ?

কৃষ্ণ। তা কেমন করে জানবো, খুলে দেখি ওনি জিজ্ঞাসাও করিনি অনুমানে তাই বিবেচনা হলো। তার পরে অনেক ক্ষণ এদিক ওদিক খুঁজে খুঁজে (আহ আঙটাটে যাওয়াতে বড় আপশোষ হয) না পাওয়াতে নিরাশ

হয়ে ফিরে আসচি দেখি না ফের সেই পালকী খানা ফিরে আসচে

গোপ। তখন কোন গোলযোগ শুন্তে পাওনি?

কৃষ্ণ। কৈ না।

গোপা। তার পর।

কৃষ্ণ। তার পর এই পর্য্যন্ত জুয়েল নাইট ওয় জ কাব অ্যাডভ্যান্সড্ আর অপেক্ষা করতে পারলাম না আঁচে বোঝা গেল যে একে একে বৈ কচ্চে শেষ এই ভোর হয় হয় এমন সময় গোল শুন্তে পেলেম

গোপা। ভোর কেন? তখন ঠিক ভোরটে। তার ভিতরের কোন কথা কিছু শুনেছ?

কৃষ্ণ। কোথা থেকে শুনবে? আপনিও যেখানে আমিও সেই খানে!

গোপা। চল না না হয় একবার দেখে আসা যাক

কৃষ্ণ। মরে গেচে, আর কি দেখতে যাবো এখন থেকে হয়ে করবে তামাসা দেখতে এসেচে। কে এক জন বলছিল না কি সাপে কামড়ে মরেচে।

গোপা। আমি একবার যাই গিয়ে আত্মীয়তা জানিয়ে আসি। তুমি এখন বাড়ীতেই আছ? (গমনোদ্যত)

কৃষ্ণ। আছি বৈ কি। (অদূরে কেবলকে দর্শন করিয়া) এই যে উদয় বাবুর জামাতা আসচে।

গোপা। তবে বেস হয়েচে আর যেতে হবে না, ওর কাছেই সব খবর পাওয়া যাবে।

(কেবলরামের আগমন।)

কৃষ্ণ। আরে এসো জামাই বাবু।

গোপা। ব্যাপার কি বল দেখি, তোমারই আমরা অন্বেষণ করছিলুম

কৃষ্ণ বল ত জামাই, তোমার হয়েছে কি ব্যাপারটা কি ?

কেব। (দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া) ব্যাপার আর কি ? উ কপ্ন।

গোপা। (ঈষৎ হাস্য) আর ওকর্ম্ম ত্যাতো শুনেচি, কিসে হলো কেমন করে হলো তার কারণই বা কি ? তাই তোমাকে জিজ্ঞাসা কর্চি।

কেব। সাপে খাইচে।

কৃষ্ণ কখন হলো। কোন খানে হলো ছিল ? ক সাপ কামড়াতেই অমনি মরে গ্যালো ?

গোপা। মাতাল ঘোড়া সে হয়েছিল ?

কেব। সব হয়েছিল তবে শুনেন। সেই ও অন্নপ্রাশনের দিন ইখন হক্কে বাড়ী যেচ্ছে শাশুড়ী ঠাকরাণ পের কাশ বাবুর বাড়ী নিমন্ত্রে আচ্ছে বল্লেন। আমি কি ইমোন পাত্তর যে নিমন্ত্রে আসবো, এলুম নাই। শেষে বল্লেন তবে ঘরেই খাও আমি বল্যাম খাবক নাই আমি আপনকার নাম করে বল্যাম গোপাল বাবুর উখান হতে খেয়ে আইচি। এই শুনে তিনি আর কথাকটী কৈলেন নাই, আড়িও হয়ে শুলেম।

আমায আবাব বললেন পশু। তাঁকেও ওমনি মুদ্দোবেব মত চাকরুরা ঠাং টাং ধরে নিয়ে ঘবে শোয়ালেক। আমি আবাব উঁল্যাম, শাশুড়ী ঠাকবাণ তাঁব মাতায় জল দিতে লাগলেন।

কৃষ্ণ। কার মাথায়?

কেব। যিনি পিঙ্গে ফুকেচেন। আর বল্‌তে লাগলেন ওমা, এমন মেজেই লোক তো দেখিনি, কচি মেয়েকে এতো করেও [illegible] হয়" তাঁর [illegible]তে আমার আব ঘুম হলো নাই। শুয়ে রয়েচি, [illegible] এসাচে, ইমন সময় দডাম করে এক শব্দ হলো।

গোপা। সেটা কি?

কেব। শুনেন না শব্দ হইতেই [illegible] কি হয় তাঁরা বলে বাড়ী শুদ্ধ সকল্যাটা লোক জেগে উঠলো, [illegible]র চাকর, [illegible] ছুটে দেখ্‌তে প্যালে [illegible]লার ভাবি, ভয হইয়্যা আমি আটকোল কজ্যাম [illegible] পড়িচ্যা।

গোপা। তার পব, তাঁর পর?

কেব। তাব পর [illegible] হাঁই হাঁই করে কেঁদে উঠলেন। দু তিন বার ডাকলেন "কামিনি কামিনি!" ডেকেই 'ওবে তোবা শিগিগব কবে আয বে আমাব সর্ব্বনাশ হলো কামিনী বুঝি নেই।

কৃষ্ণ। তাব পব গেলে না?

কেব। গেলেম বৈ কি, গিযে দেখি না এই আব কি—এক খানা কেদারা [illegible] উপরে একটা মোড়া দিয়ে

কাপড় ছিড়ে পাঁকিয়ে তারি দড়ি করে গলায় দিয়ে ছিল, তা সে কাপড়ের দড়িতে অতো ভর টিক্‌বেক্ কেনে? ছিড়ে দড়াম করে পড়ে গিচেক্।

কৃষ্ণ। তবে যে তুমি বল্লে সাপে কাম্‌ড়েচে।

কের। আঁ্যা, ভুলে বলেচিঁ, সাপ কামড়ে দবাম করে আর কি——

গোপা। আরে আর ছাপাও কেন? বোঝা গেচে। আমরা কি আর কারো কাছে বল্‌তে যাচ্চি।——

কৃষ্ণ। বাড়ীতে শিখিয়ে দিযেচে বুঝি। বলে ফেলেচ আর গোপন কল্লে কি হবে, ভয় নেই আমরা আর কারেও বলবোনা।

কের। আজ্ঞা, শাশুড়ী ঠাক্‌রাণ্ অনেক করে নিষেদ করেছিলেন, তাই নৈলে আপন্‌কারদের কাছে কি আমি কিছু বাকি রাখি। (অনুচ্চস্বরে) কম্পানির লোকেরা ট্যার পাবে বলে।

গোপা। তা বুঝেচি।

কৃষ্ণ। তা, বলেচো বলেচো, আর কারো কাছে বলোনা।

কের। (গোপাল বাবুর প্রতি) গোপাল বাবু, হ্যাতাকে আস্থন্, আপন্‌কার সহিত একটা নিটেলায় কথা আছে।

গোপা। কি বলনা, এখানে আর কে আছে বলো।

কের। (চতুর্দ্দিক দর্শন করিয়া কক্ষদেশ হইতে এক খানি কাগচ বহিষ্করণ) আপনকারদের দুজনাকেই কথাটা

জিগেস করা ভাল। কেননা আপনকাবা আএন কানন জানেন।

কৃষ্ণ। ব্যাপারটা কি?

কেব। বলেন দেখি, বিষয়েব উত্তবাধিকারী যে, সি যদি কাবো নামে কিছু লেখেঁ দিয়ে যায়, আব তাব দলিল পত্র থাকে, তা হলে সে তা পেতে পাবেক কি না?

কৃষ্ণ। (স্বগত) কি বুদ্ধিটে খরচ কবেচে দেখতে হবে। (প্রকাশে) তাতে আব সন্দেহ আছে? দেখি কি?

কেব। আমি সংগ্রহ কবে আইচি। (স্বগত) পাটা-রীকে অতো পত্তয় কবা হবেক না। (প্রকাশে গোপালেব প্রতি) দেখেন্ দেখি, আমাব নামে কি লেখেঁ দিয়ে গিঁচে? বোধ হয এখানি উইল পত্র হব্যাক।

গোপা। কৈ দেখি (পত্র গ্রহণ।)

কেব। এতে আমার নাম অনেক বাব ল্যাখাঁ আছে, কিন্তু আমি পড়তে পাবলাম না। ছাক্কা সাধু ভাষায় লেখেঁ গিঁচে।

গোপা। (কিয়ৎক্ষণ দৃষ্টি করিয়া) কৃষ্ণ বাবু পড দেখি শুনি, আমি চসমা না হলে দেখ্তে পাই না।

কৃষ্ণ। (পত্রিকা পাঠ।)

পত্রিকা।

[illegible]। [illegible]র অন্তর্দ্দাহের মূল; মায়াবিনী [illegible] কাল কবলিত করিলে। আমি

এত দিন পর্য্যন্ত কায়মনে তোমার উপাসনা করে শেষে এই প্রতিফল উপহার পেলেম। আমি এখন বুঝিলাম, তুমি কুহকিনী, তোমার সহচরী ভাব ছলনা মাত্র। হায়! আমার প্রাণ সত্বে পা ভঙ্গ হইল, হৃদয়-গ্রন্থি ছিন্ন হইল, জীবিত দেহ দহন হইল, আর সহ্য হয় না। এখন মরিলেও কি আমার সতীত্ব রক্ষা হবে না? রত্ন! চল, আমিও তোমার সহিত সাগরে মগ্ন হইব। হায়! আজ আমি দুশ্চরিত্রা নারী মধ্যে গণ্য হইলাম। কেনই আমি দুশ্চরিত্রা হইব? ধর্ম্মশাস্ত্র মতে পাপ সঞ্চয় মনেতেই হয়, কার্য্যে কখন হয় না, কৈ আমার মনে ত কখন একপ পাপ চিন্তার প্রতিবিম্ব পতিত হয় নাই, তবে আর কি? মন! আর তুমি আমাকে সংসারের প্রলোভন দেখাইয়া প্রবোধ দিও না, তুমি নিশ্চয় জেনো, কামিনীর অন্তর্দ্দাহ আর নির্ব্বাণ হবে না। তুমি কি জান না যে, সংহার-মূর্ত্তি অনলে বারিবিন্দু পতিত হইলে দ্বিগুণায়তন হইয়া উঠে? হে বিধাতঃ, তুমিই দেখিতেছ কামিনী কামিনী কি সতী, একবার কৈশোরাবস্থা হইতে পর্য্যালোচনা করুন, অন্তস্তল পর্য্যন্ত নিরীক্ষণ করিয়া দেখুন, সুরা ভিন্ন অন্য মালিন্য আছে কি না? যে মদিরা আমার বিশদ চরিত্র কলঙ্কিত করিয়াছে সেই মদিরা-বাসনা ভিন্ন অন্য বিলাস আছে কি না? হায়! আমি যে জন্য আজীবন কঠোর বৈধব্য-যন্ত্রণা সহ্য করিলাম, অমৃত লালসায় উপস্থিত পানীয়ে বঞ্চিত হইলাম, বিবাহিত স্বামীর প্রত্যাখ্যান

করিলাম, আজ তাহার শেষ হইল। মনে বড়ই সাধ ছিল, প্রণয় রত্ন উপযুক্ত পাত্রে প্রতিষ্ঠিত করিব, যদি তাহাতে বিধি অনুকূল না হন, যদি পুনর্ব্বিবাহ বিধান না হয়, তবে পতি বিয়োগে তাপিতা বিধবার ন্যায় ব্রহ্মচারিণী হইব, সেও ভাল, তথাপি নয়ন-জ্বালাকর কদর্য্য স্বামীকে পতিত্বে স্বীকার করিব না, আর পুরুষান্তরও সেবা করিব না। পিতঃ, আজ তোমার কামিনী জন্মের মত বিদায় লইল। তুমি এখনো জানো না যে তোমার প্রাণাধিকা তনয়া ঐহিক সুখে উপেক্ষা করিয়া সংসার-লীলা সম্বরণ করিবে। হা পিতঃ, তুমি কেমন করে আমার বিয়োগে প্রাণ ধারণ করিবে, কাহার মুখ দেখিয়া এ গুরুতর শোকভার সম্বরণ করিবে, আমি মরিলে তোমার অবস্থা কি হইবে বলিতে পারি না। আমি যে তোমার এক মাত্র অবলম্বন স্বরূপ, আমি যে তোমার বড় আদরের মেয়ে, তুমি আমার শোকে প্রাণ রাখিবে? কখনই নয়। কাল প্রভাতে আমার মৃত দেহ দর্শন মাত্রেই বারুদাগ্নির ন্যায় হৃদয়ের সহস্র গ্রন্থি ছিন্ন করিয়া তোমার প্রাণ বায়ু অপসৃত হইবে। যখনি তুমি স্থির নিশ্চিন্ত হইবে যে, কামিনী আর ফিরিয়া আসিবে না তখনি তোমার হৃদয় বিদীর্ণ হইবে। পিতঃ! এই আমি বক্ষঃস্থলে পাষাণ সম হস্ত দিয়া আত্মরক্ষা করিতেছি, এই মুহূর্ত্তেই তোমার শোকান্তর হউক, আমি তোমার বিয়োগ-বেদনা সহ্য করিব

প্রাণান্তেও আপনার শোকাভরণা উষাকে তোমায় পাইতে পারিবে না ।

বাবা শৈশবাবস্থায় যখন আমাকে পোর্টওয়াইন খাওয়াইয়া দিতেন তখন আপনি জানিতেন না যে কামিনীকে কি ভয়নক শত্রুর হস্তে সমর্পণ করিতেছেন। তুমি নিশ্চন্ত নিদ্রা যাইতেছ এখানে তোমার জীবন বৃক্ষের এক মাত্র কুসুম অপহৃত হইল তাহার কিছুই জান না আমি দেখিতেছি এ বিয়োগ শোক ভার তোমাকেই অধিক পীড়ন করিবে তুমি পরিতাপানলে দগ্ধ হইবার জন্যই আমাকে গর্ভে ধারণ করিয়াছিলে। মা তুমি যে আশা করিয়াছিলে আমাকে লইয়া সুখী হইবে আজ সে আশা পরিহার কর। ভীষণ অগ্নিদাহে কামিনীর দেহ ভস্মীভূত হইল ইহা দৈব ঘটনা দুঃখিত হইবেন না। মা যদি এই শোকাঘাত নিতান্তই অসহ্য হইয়া পড়ে তবে খুড়ো মহাশয়ের নিকট হইতে উষাকে আনিয়া লালন পালন করে আর মোক্ষদা মাসীর নিকট গিয়ে এক এক বার বসে থেকো আর মনোবেদনার লাঘব হইবে তখন তাহাদিগকে বলিয়া তোমাদের অভাগিনী সখী কামিনী যাইবার সময় তোমাদের নিকট বিদায় চাহিয়াছিল। আর উষাকে আমাদের বাড়ীতে রাখিয়া দিও সে অসহায় আমার অনুরোধে ওকে একটু যত্ন করো। আর আমার বঞ্জনকে যদি [illegible]

যত্ন কবে তবে বাখিযা দিও, না হয উড়িয়ে দিও। প
বটে কিন্তু ব্যবহাবে মনুষ্যেব ন্যায তাহাকে উড়ি
দিও। মা! শেষে আব একটী অনুবোধ তোমাকে ও
বাবাকেও কবিতেছি যে মিহিব বাবু যেন আমাকে ধর্ম্ম
রূপে গ্রহণ কবেন ইহা যাহাতে হয় তাহা কবো।

যবনিকা পতন।